

বালক-বালিকাদের অভিনয়ের উপযোগী নাটক

श्रीजियल निरम्नाभी (स्थम वूर्ड़ा) প্রকাশ করেছেন—

শ্রীক্ষবোধচক্র মন্ত্রদার
দেব সাহিত্য-কূটীর প্রাইভেট লিমিটেড
২১, ঝামাপুকুর লেন,
ক্লিকাভা—১

(エ こみ (3)

ছেপেছেন—
এস্. সি. মজুমলার
ক্বে-প্রেস
২৪, ঝামাপুকুর লেন,
কলিকাতা—১

नाय--हो, 5'00 এই ছোট ছোট শিশু-নাটিকাগুলির কয়েকটি রেডিওতে, মেয়েদের ইঙ্কুলে এবং বত আনন্দ-সম্মেলনে সাফলামিওতভাবে অভিনীত হয়েছে দেখে, তাদের একসঙ্গে জুড়ে ছোট ছোট ছেলে-মেয়েদের জন্ম নাটিকার মালা গেঁথে দিলাম। পুরস্কার-বিতরণী সভায়, সরস্বতী পূজায় এবং বহু অনুষ্ঠানে মেয়েদের অভিনয়ের উপযোগী ছোট ছোট নাটিকার জন্ম তাগিদা পাই। সেই অভাব পূরণের জন্মই এই নাটিকা-সংগ্রহ।

ছোট ছেলেমেয়েরা অভিনয় করে যদি আনন্দ পায়, লেখকের আনন্দও সেই সঙ্গে জড়িয়ে থাকবৈ। ছোটদের অভিনয়কে সাফল্যমণ্ডিত করার জন্ম লেখক সর্বনাই আনন্দের সঙ্গে সাহায্য করতে প্রস্তুত আছেন।

बिष्यिश निर्द्याशी

সূচী—

বাসন্তিকা	•••	•••	>
নীলকণ্ঠ পাখী	•••	•••	>9
সোনার-কাহি	•••	•••	રહ
ফুলপরী	•••	•••	৩৬
শ্বপন বুড়ে৷	•••	•••	89
খেলার-সাথী	•••	•••	¢°
তুর্য্যোধনের তুষ্ট্রমি	•••	•••	e ৮
५०वाह-भावाहे	•••	•••	৬৭



রাণী জয়ন্তীর বাগান। ফুলের গাছ শাঁতের কুয়াশায় মরে গেছে। ভাই আজ হ'বে বসন্ত-রাণী বাসন্তিকার আবাহন। উদ্ধানে তারি শুভ পদার্পণ হ'লে পাঝী গাইবে, কুল কুটবে—ধরার বুকে আবার বসন্ত ফিরে আসবে। সকাল বেলা সেই উৎসবের আরোজন চলুছে।

জয়ন্তী—[সবিকে উদ্দেশ করিয়া] সবি, তুমি উন্তান-পালিকাকে বলে দাও অভাজ যেন এখানে কোনো চপলতা প্রকাশ করা না হয়। এক বছর বাদে বসন্ত-রাণী বাসন্তিকা আসবেন এই বাগানে।

শিশু-নাটিক।

্তিনি আসকেন তবে মরা বাগানে ফুল ফুটবে। সেই উৎসবের আয়োজন কর--

[প্রস্তান]

সহচরী -- ওলো ধর্মনাশা, এদিকে এসে শুনে যা --

্থিকনাশ। সভিটে খ্যাদ'-নাকী। সহ5রীর ডাক খনে হেলতে জুলতে ভার কাল মোট। দেহ জুলিয়ে এসে উপস্থিত হ'ল।]

থ্যবিনাশা—কে ভাকছে আমায়? [সহচরীকে দেখিয়া একগাল হাসিয়া]ও! আমাদের রাণীর স্থি চুমি। তা চুমি আমায় কেন ভাক্ছ গা ?

সহচরী—ডাক্ছি, কথা আছে। কথা নয়—আছে আমাদের রাণীর আদেশ।

শ্বর্নাশা—[ভয় পাইয়া] রাণীর আদেশ ? আমার গদ্দানা যাবে নাকি গো ? 'ওগো সত্যি করে বল না গো…

সহচরী—ঠিক গর্জানা এখনও শাবে না…তবে তোমাকে একটি কাজের ভার দেওয়া হবে…সে কাজটি ঠিক মত করতে না পারনেই—

শ্বর্নাশা—গর্দানা যাবে! ওগো তোমার ছটি পায়ে পড়ি… আমার গর্দানা নিও না—

সহচরী—[হাসিয়া] আমি গর্দানা নেবার কে! কিন্তু রাণীর আদেশ কি তাতো জিজেন কচছ না!

খৰ্ববনাশা—কচ্ছি···কচ্ছি···আগে আমায়, একটু হাঁফ ছাড়তে দাও···

<াগন্তিকা

সহচরী—হ্যা, জোরে একটা নিংখাস ছাড়ো, তারপর আরও জোরে একটা নিংখাস নাও। এইবার মন দিয়ে শোনো—

খববনাশা-—বল গে' বাছা বল; কিন্তু শোনবার আগেই যে আমি হাপিয়ে উঠছি ---

সহচরী—-শুনলে আরো হাপাবে। শোনো। আজ এক বছর পর এখানে বসন্ত-রাণী বাসন্তিকা আস্ছেন। তিনি এলে এই বাগানে ফুল ফুট্বে!

শ্বনাশা—কি সনবনাশ, ক্ল কুট্বে! এই ক'টা মাস বেশ ছিলুম শাতে কাথা গায়ে দিয়ে! কুল ফুট্লে আবার আমার ধাট্নি বাড়বে! কুল তোলো, মালা গাঁথো…গাছে জল দাও,…বাগান পরিকার রাখো, আরো কত কি! না বাপু, বসন্ত-রাণীর এসে কাজ নেই!

সহচরী—রাণীর আদেশ না মানলে কি হবে মনে আছে ? ধনকাশা—হ্যা, হ্যা, গর্দ্দানা যাবে! না, না, তুমি বলো, কি

সহচরী—রাণী জয়ন্তী আদেশ দিয়েছেন, আজ যেন এখানে কোনো চপলতা প্রকাশ না পায়।—আর তিনি উৎসবের আয়োজন করতে বলেছেন।

খৰ্বনাশা—দে না হয় করলুম, কিন্তু 'চপলতা' মানে কি ? সহচরী—চপলতা মানে চঞ্চলতা নানে ছেলেমানুষী!

খৰ্সনাশা—ও ! বুঝতে পেরেছি…বুঝতে পেরেছি ! আচ্ছা কুমি যাও, আমি সব ব্যবস্থা করে রাধবোধন।

[সহচবীর প্রস্থান]

শিঙ্ক-নাটকা

সহচরী—(দূর থেকে) মনে থাকে ষেন—আদেশ পালন না করলে—-

খর্বনাশা—মনে পড়েছে ! গদ্দানা ' ওরে বাবারে ! আর ভুলি ' (আপন মনে) আচ্ছা খানিকট। কাঁথা মুড়ি দিয়ে শুয়ে থাক্লে কেমন হয় ? এর পর ফুল ফুট্লে ত সে উপায় থাক্বে না।

িকাপা এনে মুড়ি দিয়ে শুবে পড়ল। থানিক ব'দে তাব নাকেব ডাক শোনা বেতে লাগ্ল। ইতিমধ্যে এফনল ফুট্ফুটে ময়ে সেই বাগানে এসে লুটোপুটি স্থক কবে দিল।

কণিকা---ওরে শুন্ছিস্ ভাই ?

क्किनिका -िक दा, कि ?

কণিক!---আজ নাকি বসন্ত-রাণী এই বাগানে আসবে ?

मी भिका- अप जामत नम्न, अतम **এই वांगा**त क्व कांगात ।

किन--- (कन, नमन्त-जानी ना अल कि नागात कृत कार्र ना ?

দীপিকা — কি বোকা মেয়ে তুই!

কণিকা-কেন বল দেখি ?

দীপিকা—কে না জানে—শীতের কুয়াসা দূর করে দিয়ে আদে বসস্ত ; আর সেই সঙ্গে আসেন বসস্ত-রাণী—

ক্ষণিকা---বসন্ত-রাণী এলেই বুঝি ফ্ল ফোটে ?

দীপিকা—শুধু ফুল কোটে? মলয় হাওয়া আকুল হয়ে ছুটে আসে না? বসস্তের কোকিল তার মিষ্টি গানে চারিদিক আকুল করে তোলে না?

বাস**ন্তিক**া

কণিকা—তবে স্বায় ভাই, স্বামরাও সাজ গানে-গানে চারিদিকে স্বানন্দের জোয়ার ডাকি—নেচে গেয়ে বসন্ত-রাণীকে স্বাহ্বান করি। তিনি এসে স্বামাদের দেখে স্থবী হবেন।

দীপিকা—সেই জন্মই ত তোদের আজ এখানে ডেকে এনেছি— আয়ু, আমার সঙ্গে স্বাই যোগ দে—

সকলের নৃত্য ও গীভ

আসবে মোদের বাসন্তিকা কুল ফোটানোর তানে— তাইত পরাণ জানায় নতি ঘুম ভাঙানোর গানে ! মল্বর পবন দোল দিয়ে যায় বনের বিহগ স্থর সাথে তায়— কোথায় এত পুলক ছিল, কেউ নাহি তা জানে !

যুম-কাতুরের যুম টুটেছে আজ্কে জাগার পালা,
অরুণ কিরণ হিরণ-বরণ হাজার মাণিক জালা!
কে ঘুমিয়ে রয় প্রভাতে
ডাক দেব ভায় সবার সাণে—
ভার গুলে দেখ্ কে এসেছে সকল প্রাণে প্রাণে!

হিঠাৎ গানের মাঝথানে থর্জনাশার ঘুম ভেঙে গেল; সে চৌথ কচ্লে উঠে বসল, তার পর ছকার দিয়ে ছুটে এলো সেই মেরেদের মাঝথানে।]

বৰ্কনাশা—বটে! দার খুলে দেখাবো! দরকা খুলে রেখেছি
বলেই না তোরা আমার এমন কাঁচা ঘুমটা নক্ট করে দিলি! আবার

শিশু-নাটকা

বলা হচ্ছে কিনা 'কে ঘুমিয়ে রয় প্রভাতে' কেন, সকালে একটু কাঁথা মুড়ি দিয়ে ঘুমিয়েছি—ভাতে তোদের কি রে ?

কণিকা--ওরে বাবা--এ আবার কে ?

मीिशका-अत **हित्निक्ट (त्र हित्निक्ट-अत नाम अर्ववना**ना।

ক্ষণিকা-ওর খর্ববনাশা নাম কেন হ'ল বল দেখি ?

দীপিকা—তা জানিস্ নে বুঝি ? নাক খাঁদা কিনা—তাই রাণী জয়ন্তী ওর নাম রেখেছে খর্বনাশা—

খর্বনাশা—বটে! আমার নাক খ্যাদা, আর তোদের নাক বড় টিকলো, কেমন ? দাঁড়া, নাক কেটে সব্বাইকে আজ শূর্পণ্যা করে ছাড়বো! কৈ আমার দাখানা কোখায় গেল—

কণিকা—'ওরে পালা রে পালা, খর্ববনাশা আজ বিষম চটেছে—
[শকলের কোলাছল করে প্রহান]

[রাণী ধরম্বী ও সহচরীর প্রবেশ]

জয়ন্তী—এত গোলমাল কিসের ?

খৰ্ববনাশা--[নমসার করে] আজ্ঞে--এই আমি--

জন্মন্তী—হাঁ। তুমি যে খর্ববনাশা—তাতো দেখতেই পাচিছ। আমি জিজেন কচ্ছি, এত গোলমাল হচ্ছিল কিসের ?

ধর্বনাশা—আজে রাণী মা, বাগানের দরজা ধোলা পেয়ে ছোট ছোট মেয়ের দল এসে গোলমাল আর লুটোপুটি স্থক করেছিল।

জন্নন্তী—বাগানের দরজা খোলা কেন ? সবি, তুমি ওকে আমার আদেশ জানিয়ে দাওনি ?

বাসন্তিক।

সহচরী—দিয়েছি বই কি সবি! আমি আড়াল থেকে দেখেছি

তেমার আদেশের কথা শুনে ও দিব্যি নাক ডাকিয়ে ঘুষ্তে
লাগল। আর এই স্থযোগে মেয়েরা—

জয়ন্তী --খৰ্বনাশা---

স্বৰনাশা—দোহাই রাণী মা, গৰ্জানা নেবেন না। আমি এখন থেকে ঠায় বন্দে থাকবো—

জয়ন্তী—শুধু বসে থাক্লে চলবে না। আজকে শেষ রাভিরের মথ্যে কেউ যেন না এই বাগানে ঢোকে! বসন্ত-রাণী কখন এসে আবার বিরক্ত হয়ে চলে যাবেন!

খৰ্ননাশা—কাউকে ঢুকতে দেবো না ?

জয়ন্তী—নাঃ নাঃ—কাউকে নয়, আমি বদি আসতে চাই, আমিও আসবো শেষ রাভিরের পরে…ফুল ফুটে গেলে তারপর। বুঝলে ?

পর্কনাশা—আজ্ঞে বুবেছি রাণী মা! আমায় এবারকার মতো ক্ষমা কর ভূমি। এখন থেকে মশা-মাছিটিকেও আর এ বাগানে চুকতে দিছিলে। আগে ভালো করে বাগানের ফটকটা বন্ধ করে দিয়ে দি' তিথা করণ]।

[রাণী ও সহচরীর প্রস্থান]

[গান গাইতে গাইতে ফটকের সামনে একটি কালো মেয়ে এসে দাঁড়াল]

গান

কুছ—কুছ—কুছ— আনন্দের ঝর্ণাসম ডাক্ছি বুছযুঁছ

শিশু-নাটকা

ভাকছি আমি বিনা কাজেই ভাকছি নীরব পথের মারেই— ভাকছি আমি সকাল সাঁঝেই কুহ—কুহ—কুহ—

মুহ মুহ মুহ ডাক্ছি মুহুমুহি!

রাথাল বাজায় বাশের বাণী শুনে আমার ডাক—
আমার আগমনের সাথে বধু বাজায় শাঁথ।
নীরব গুপুর অশথ-তলার—
কি সূর ঝরে আমার গলার—
আধেক গানে আধেক বলার
কুত্—কুত্—কুত্—

ধর্ববনাশা--কেরে কালো মেয়েটা এখানে এসে গান জুড়ে দিয়েছিস্ ?

ডাক্ছি ৰুহুৰ্হ !

কোকিল—আমায় চেনোনা মাসী ? আমি বসন্ত-রাণীর অগ্রদূত। আজ বাসন্তিকার এখানে এসে ফুল কোটাবার কথা কি না—তাই আগে আমায় পাঠিয়ে দিয়েছে—তুমি দার খোলো—

খবনাশা—[হাসিয়া] ও সব ছেঁদো কথায় জার আমি ভুলছিনে ভাল মামুবের মেয়ে! ষেখান থেকে এসেছ, সেইখানে সরে পড়! নইলে আৰু আমার হাতে তোমার হুর্গতি লেখা আছে।

কোকিল-সে কি কথা মাসী!

বাসন্তিকা

ধর্মনাশা —ও মাদীই ডাকো—আর পিদীই ডাকো, ভবি আর ভুলছে না—

কোকিল—তবে কি আমি ফিরে যাবো ? বাসন্তিকার ফ্ল ফোটানো কি তবে হবে না ?

খৰ্বনাশা—ফুল তার নিজের গরজেই ফুটবে—কিন্তু তুমি বাছা সরে পড়—হাা নইলে দেখছ ত' আমার শতমুখী…

কোকিল—আচ্ছা, তবে আমি চল্লুম—

িকুতু কুতু ডাকিতে ডাকিতে প্রস্থান]

খৰ্বনাশা—কুল না ফুটতেই এই···ফুল ফুট্লে যে আমার কি হুৰ্গতি হবে-—সেই কথাই আৰু শুধু ভাবছি!

্রিকটি কুট্কুটে ফর্সা মেরে এসে ফটকের সামনে দাড়াল। তার নীল উত্তরীয় কুর কুর করে উড়ছে]

ধর্বনাশা— তুমি আবার কে গো? সেজেছ মন্দ নয়, কিন্তু মতলব শুনি ?

[क्र्रेक्ट कर्मा (बरबब गान]

গাৰ

মলর অনিল আমি কুর্ কুর্ কুর্
শীতের কুরাশা সব করে দেবো দ্র
হাকা মেবের মতো মেলিরা পাথা—
নীল আকাশের গার চলি বলাকা

যুব-কাতুরের চোধে আমি কুড্ কুড্।

শিশ্ব-নাটিকা

খর্বনাশা—-ও স্রড়্স্ড্ই দাও, আর ফ্র্ফুর্ই কর—আমি বাছা দরজা খুলছিনে—-

মলয়ানিল- লে কি কথা মালঞ্চ-মালিনী! আমি যদি না চুকতে পাই তবে বসন্ত-রাণী এখানে আসবেন কি করে ?

খৰ্বনাশা—ক্ৰঁ! খ্ব শক্ত শক্ত কথা বলে স্থামায় ভয় দেখাচছ বুঝি ? "মালগু-মালিনী"! পালাও বল্ছি···নইলে··

্ গড়। কবে এলে।]

মলয়ানিল - তাড়িয়ে দিচ্ছ ? তা হ'লে চলি—

[গান গাইতে গাইতে প্রস্তান]

খর্বনাশা— না. এদের জ্বালায় প্রাণ ইাপিয়ে উঠল। চোখের পাতাও ঘুমে চুলে আসছে; এখন ত সবে সন্ধ্যে! রাণী জয়ন্তী আসবে সেই কাল ভোর বেলায়। এই ফাকে একটু ঘুমিয়ে নেয়া যাক।

থিবনাশা যুমিরে পড়ল নধীবে ধাঁবে সমস্ত বাগান অন্ধকার হরে গেল বিজ্ঞারপৰ আবাব ভোবেৰ আলোতে সমস্ত পরিস্থার হরে উচলে এখা এক থবনাশা তেমনি পেগানে যুমুচছে। তার নাকেব ডাক আবাে বেড়েছে। ঠিক সেই সময় সহচরীকে নিবে রাণী জয়ন্তীর প্রবেশ ।

জয়ন্তী—একি সখি! উৎসবের কোন আয়োজনই নেই! সূর্য্যোদয় হয়ে গেছে তবু ধর্বনাশ। ঘুমুছে । তাই বুঝি আমার বাগানে কোনো ফুল ফোটেনি!

স্থি-নিশ্চয়ই বাসন্তিকা এসে ফিরে গেছেন!

বাসন্তিকা

সহচরী---'ওলো ধর্ববনাশা--শীগ্গির ওঠ---

িথর্কনাশার নাকের ডাক আরো বেড়ে গেল]

জয়ন্তী-- খর্ববনাশা!

। থৰ্কনাশ। লাফিমে উঠে বদল।

थर्ववनामा--- मर्नवनाम !

জয়ন্তী—গ্রা, সর্বনাশ! কোথায় উৎসব ? কোথায় আমার বসন্তের ফুল ? [বর্বনাশা কি বলতে চাইল] কোনো কথা শুনতে চাইনে। ফুল যথন ফুটল না—তোমার রক্তে আজ আমি ফল কোটাবো।

| ১১দা বসস্ত-রাণী বাসন্তিকার প্রবেশ |

বাসন্তিকা---আরো কি রক্তপাতের প্রয়োজন আছে ?

[সকলে অবাক হয়ে দেখলে বাসন্তিকার কপালে রক্তের দাগ]

জয়ন্তী—দেবি! একি! আপনার কপালে রক্ত! আপনার এ অবস্থার জন্মে দায়ী কে? নিশ্চয়ই এই খর্কনাশা!

বাসস্তিকা—না, দায়ী তুমি !

जग्रखी-नाग्री वाभि ?

বাসস্তিকা—হাা, দায়ী তুমি! তোমার আদেশে তোমার পরিচারিকা উত্থানের পথ বন্ধ করে রেখেছিল। আর তারই ফলে
ক্যন্তের কোকিল এসে এখানে গাম গাইতে পারেনি, মলয়-অনিল এসে তার স্থিম করম্পর্শে ফুলেদের জাগাতে পারেনি, তার ওপর—

জয়ন্তী—তার ওপর ?

বাসস্তিকা—তার ওপর শিশুদের তোমরা দূর করে দিয়েছ এই

শিশু-নাটকা

উত্থানের বাইরে! কি করে ফুল ফুটবে ? যত আঘাত তুমি করেছ ওদের—সব এসে যে আমারই গায়ে লেগেছে।

জয়ন্তী—দেবি ! আমি বুঝতে পারিনি । তাই ওদের দূর করতে আদেশ দিয়ে আপনাকেই দূরে ঠেলে দিয়েছি—আমায় শান্তি দিন—
বাসন্তিকা—ওদের সবাইকে ডাকো, বাগানের পথ খুলে দাও,
তবেই আমার ক্ষত শুকুবে—তোমার বাগানে আবার ফুল ফুটবে ।
[হার গুল্তেই কোকিল, মলয় আর বালিকার দল গাইতে
গাইতে এসে চকল]

সকলের গান

এলো এলো ঐ এলো রে বাসম্ভিকা !
মন-কাননে ফুটল কুস্থম অগ্নি-লিখা !

বুঁই বেলি ফুল দলে দলে

ঘোমটা খোলে কৌজুহলে
গছন বনে কে পাঠাল রঙের লিখা !

কুলের সাথে কোকিল কিগো শোনার গীতি !

কোকিল—তোমরা জান বসম্ভেরি এই ত রীতি

মলর-জনিল কুর্ কুরে বার

মলর— কান-কথা জার কইব সবার
ভাকব কুলে—লোল, কালো, নীল, সবৃত্ধ ফিকা
বাসন্তিকা !

গিলের সঙ্গে সঙ্গের সমস্ত বাগান ফুলে ভরে গেল]

-খবনিক|-



রিজকুমারী চন্দ্রার অন্তঃপুরে উৎসবের আরোজন হরেছে। রাজকভার স্বর্থর। স্থিদের তাই আনন্দের সীমা নেই। দৃদ্বিধে সঙ্গীতে প্রাসাদকে তারা মুখরিত করে তুলেছে।]

স্থিদের গান

আছকে সথির সফল হ'ল মনে মনে মালা গাঁথ৷
ভোরণবারে আসার আগেই হৃদর-পূরে আসন পাতা
আছকে স্বাই মনের কোণে
রামধ্যুকের স্থপন বোনে
গগন-পারে হাত বাড়ালো কচি-তর্জণ শ্রামণ-পাতা!

শিশু-নাটক।

হাওরার তাওয়ায় ব্যাকুল হ'ল কোন্ অদেখার মোহন বেণু
ফুলেব লাণে পাঝীর তানে কাহার যেন পরশ পেন্ত
আজকে দোলন চাপার বনে
কে দোলা দের ক্ষণে-ক্ষণে
কিসের তবে আজ মাধনী সহকাবে বংগা।

া সেই উৎসবেৰ মাঝখানে আলুথালু বেশে ছুটে এলো চন্দ্রা। চোপে ভার স্প্রের আভাস, অধ্বের কোণে বিশ্বয়ের ভাব। J

চক্রা—থামাও গান—গান থামাও।

[সঙ্গে সঙ্গে কণ্ঠের স্থব এবং যন্ত্রের মূর্চ্ছনা বন্ধ হয়ে গেল]

চক্র—এ গান আমার ভাল লাগ্ছে না, এ উৎসব আমার প্রাণে কোনো সাড়া জাগাতে পারে না! বন্ধ করে দাও এই ব্যর্থ আয়োজন!

[এবার ছুটে এলেন মহারাণী]

মহারাণী—কে কিরে চন্দ্রা! উৎসব বন্ধ হবে! আৰু যে তোর সম্বন্ধর—

চক্রা—না না! এ স্বয়ন্ত্রর হতে পারে না।

মহারাণী—ভূই বল্ছিস্ কি ? দেশ-বিদেশ থেকে কত রাজপুত্র এসেছে—তারা কি ফিরে যাবে ?

চক্রা--। হাা মা, ফিরে যাবে।

মহারাণী—[সম্প্রেহে মেয়েকে বুকে টেনে নিয়ে] চন্দ্রা মা
আমার, তোর আজ কি হয়েছে আমায় বলু না—

চক্রা—[गारत्रत বুকে गांशा রেখে আবলারের স্বরে] गांरिशा, আজ

নীলকণ্ঠ পাৰী

শেষ রাভিরে আমি স্বপন দেখেছি! জানো তো ভোরের স্বপন সত্যি হয়!

মহারাণী-স্পন! কি স্পন দেখেছিস্মা?

চন্দ্রা —স্বপন দেখেছি, যে নীলকণ্ঠ পাখী নিয়ে আস্তে পারবে, সে-ই হ'বে আমার স্বামী।

নহারাণী—-এ আবার কী অলকুণে স্বগ্ন ? আমি মহারাজকে বলে তোকে কত নীলকণ্ঠ পাখী কিনে এনে দেবো'খন—।

[সখিলের উদ্দেশে] ওরে তোরা চন্দ্রাকে স্থন্দর করে সাজিয়ে দে—
চন্দ্রা—না মা, তুমি বৃঞ্চ না। নীলকণ্ঠ পাখী পৃথিবীতে শুধু
একটিই আছে। যার কাজে আছে সে-ই আমার স্বামী! স্বয়ন্বর বন্ধ
করে—রাজ্যময় ঘোষণা করে লাও—নীলকণ্ঠ পাখী আমার পণ···

নহারাণী—এ কি রকম গোলমেলে কথা হ'ল বল্ দেখি! যাই আমি মহারাজকে গিয়ে বলিগে—তিনি যদি কোনো উপায় করতে পারেন।

ব্যস্তভাবে মহাবাণী চলে গেলেন।

১মা সপি—রাজকুমারী, রোজ আমাদের গান শুনে তুমি কত খুণী হও; সবাইকে দাও পুরস্কার। আজ তোমার স্বয়ন্ত্রের দিনে আমরা প্রাণের সমস্ত আবেগ দিয়ে গাইলুম ওই গান—ভা তোমার ভালো লাগলো না ?

চন্দ্রা—স্থি, আজ ও গান নয়, আজ আমার সমস্ত মনপ্রাণ ছেয়ে আছে সেই নীল্কণ্ঠ পাথীর হুরে! সেই হুরে হুর মিলিয়ে শোনাতে পারিস্ আমায় গান ?

শিশু-নাটিক।

২য়া সধি—নীলকণ্ঠ পাখী! কৈ দেখিনি ত!
৩য়া সধি—কেমন দেখতে বলো দেখি ?
৪থা সধি—কি স্তবে সে গান গায় ?

১মা সধি—নাই বা দেখলুম চোধে। তোমায় খুশী করবার জন্মে আমরা গাইব সেই গান···

২য়া সবি—স্থর ২য়ত তেমন ফুটবে না…

৩য়া সবি—ছন্দ হয়ত তেমন জুটবে না…
সকলে—তবু আমরা সবাই মিলে গাইব, তুমি শুনবে বলে—

স্থিদের গান

নীলকণ্ঠ পাথি!
মন-কাননের গোপন-শাখার ভাক্ছে থাকি থাকি।
ডাক্ছে নিতৃই নতৃন স্থরে
কোন অলকার গানের পুরে
স্থরের ভেলার মন ভেলে বার বুর্ছ তৃষি তা কি!

তোমার মধুর গানের ভেলার আমরা ছব্দনে। শ্বিয় ডোবে, চব্দ ওঠে তোমার কৃব্দনে।

নীলকণ্ঠ পাৰী

কোন অজানার এ কোন যায়া রূপ-অরূপের মোহন ছায়া মকুর দেশে স্বর্গলোকের ঝণা ধার। না কি। नीनकर्श शांचि ।

িগানে গানে রাজকুমাবীর প্রাসাদে স্কর-বক্তা বয়ে গেল। স্বরম্বর উৎসব বন্ধ হয়ে যেতে বার। মনঃক্ষ হয়েছিল, তারাও এসে এই সঙ্গীতে বোগদান করল।

চক্রা—আমি মুগ্ধ! এই গান···এই স্থরই ছিল আমার ভোরের স্বপনে লুকিয়ে! সবি! তোৱা আমায় ধন্ত করেছিন্, নে তোদের পুরস্কার…

[একে একে निक्कत शनांत शंत शूल निश्चित पिट नाश्ला, अभन नमन মহারাণী এসে এই ব্যাপার দেখে চীৎকার করে উঠলেন।]

মহারাণী—এ আবার কি অলকুণে কাগু, গলার হার খুলে বিলিয়ে দেয়া! আজ কিছু একটা ঘটুবে বুঝতে পাচিছ-

চন্দ্রা—[মায়ের কাছে এসে] তুমি রাগ কোরে৷ না মা! আমার রাতের স্বপনের ওরা চমৎকার স্থর দিয়েছে। শুন্বে ভূমি ?

महाज्ञानी-आत श्रान कांक (सरे। यहपत हरत ना श्रान महाजाक ভারী রাগ করেছেন।

চন্দ্রা—আচ্ছা, আমি বুঝিয়ে বলে আস্ছি— महादाणी-कांत वृतिरम वम्राक र'रव ्या, आइरव रमरमन 5

শিশু-নাটিকা

আবদারেও তিনি মত দিয়েছেন। তিনি আদর দিয়েই ত তোমার মাথাটা থেলেন!

[ठक्का नड्जात्र मारतत त्रक मूथ नुकारना।]

্রিমন সময় নেপথ্যে ঘোষণা লোনা গেল: স্বয়ম্বর আজ বন্ধ। রাজকুমারী চ্ন্দ্রা পণ করেছেন—যিনি নীলকণ্ঠ পাখী নিম্নে আসতে পারবেন—রাজকুমারী ভারই গলায় বরমাল্য অর্পণ করবেন। ঢ্যাং—ঢ্যাং—ঢ্যাং—]

মহারাণী—ওই শোনো—মহারাজের কাণ্ড। এরি মধ্যে ঘোষণা পর্যান্ত হয়ে গেল! আমি ভাবলাম বুঝি মেয়ের মত ফিরবে। দেখছি শেষকালে উনিই ওকে বিগ্ড়ে দিলেন!

বিরক্তভাবে প্রস্থান]

চন্দ্ৰা-শোৰো মা-শোৰো…

১মা সবি-মহারাণী বভ্ত রেগে গেছেন-

চন্দ্রা—মার রাগ যেমন সহজে আসে তেমনি সহজে চলে যায়।
দেখ্বি সকলের আগে মা-ই তখন আমায় আশীর্নাদ করে বুকে টেনে
নেবে—

[সহসা প্রতিহারিণীর প্রবেশ]

চন্দ্রা—কি সংবাদ প্রতিহারিণী ?

প্রতিহারিণী—মহারাজের ঘোষণা শুনে জনকয়েক রাজপুত্র কয়েকটি পাখী নিয়ে এসেছে···

हका-नामि प्रथ्ता-नामि प्रथ्ता!

নীলকণ্ঠ পাথী

২য়া স্থি—সে কি স্থি ? রাজপুত্রদের কি তুমি এইখানে ডেকে আন্বে নাকি ?

৩য়া সখি—তা'হলে আমরা পালাই—

চন্দ্রা—না—না, রাজপুত্রদের দেখ্বো তোমাদের কে বলেছে ? আমি দেখ্বো পাখী—

৪র্থা স্থি—তাই বলো, আমি ত' ভয় পেয়ে গিয়েছিলাম!

চন্দ্রা—প্রতিহারিণী, সকলের আগে যে রাজপুত্র পাখী নিয়ে এসেছেন—সেই পাখীটি এইখানে নিয়ে এসো—

প্রিতিহারিণী চলে গেল। স্থিরা স্ব নীলকণ্ঠ পাখী দেখবার আশার রাজ-কুমাবীকে ঘিরে দাড়াল।, এমন সম্ব সেই প্রতিহারিণী খাচার-পোরা একটি নীল পাখী নিয়ে প্রবেশ করল।

১মা সখি—এই নাকি সেই নীলকণ্ঠ পাখী?

২য়া সখি-এরকম পাখী ত' আমরা ছেলেবেলায় কত দেখেছি-

তয়া সখি—স্বপ্নে কি তুমি একেই দেখেছিলে ?

চন্দ্রা—প্রতিহারিণী, পাখী তুমি ফিরিয়ে নিয়ে যাও—আর তোরণ-দ্বারের প্রহরীকে বলো রাজপুত্রকে বিদায় দিতে—

[প্রতিহারিণী পাখীর খাঁচা নিয়ে চলে গেল]

১মা সথি—আচ্ছা রাজকুমারী, পাধী ষে আন্বে, তারই গলায় তুমি মালা দেৱে ? "

চক্সা—হাঁ৷ সখি, সেইত আমার পণ—

শিশু-নাটিক!

২য়া দৰি—ভা' হলেই ত' তুমি আমাদের ছেড়ে যাবে ?
তয়া দৰি—আচ্ছা, যদি আমরা কেউ পাৰী ধরে আন্তে পারি ?
চন্দ্রা—ভবে আজীবন তার দাসী হয়ে থাকবো। সবিকে
ভা'হলে আর চোধের আডাল করতে হবে না—

[আবার প্রতিহারিণীর প্রবেশ]

প্রতিহারিণী—রাজকুমারী, অবস্তীপুরের রাজকুমার নিয়ে এসেছে এক অপূর্বব পাথী! শুধু কণ্ঠই তার নীল। সভাসদগণ সবাই দেখে বল্লেন, এই-ই নীলকণ্ঠ পাথী।

চন্দ্র—নীলকণ্ঠ পাথী! আমি যাচ্ছি—না—না—এইখানে পাথীটাকে নিয়ে আয়—

[প্রতিহারিণী চলে গেল]

২য়া সবি-কী চমৎকার ব্যাপারই না হবে-

8थीं मिथि-कि (त कि ?

२म्रा मिथ-सिन व्यवसी नाकक्मादिन मदक नाकक्मानीन विदय स्त्र ?

১মা সখি---আগে নীলকণ্ঠ পাৰী প্রমাণ হোক, তারপর ত'---

২য়া সখি—ঐ যে পাখীটাকে নিয়ে প্রতিহারিণী এই দিকেই আস্ছে।

[পাৰী নিয়ে প্ৰতিহারিণীর প্রবেশ]

8र्था मिय-गाँ! **नीनक्रिके उ' वर्षि**!

১মা সখি— দাঁড়া, আগে রাজকুমারীর বুকের নীলকান্ত মণির সক্ষে মিলিয়ে দেখি—

नीलकर्थ शाबी

২য়া স্থি—কি স্থি, চিন্তে পাচছ ? স্বপ্নের কথা কি তোমার এতক্ষণ মনে আছে গ

১মা স্থি—তোরা দাঁড়া দেখি! [পাথীর কাছে গিয়ে] একটু জল নিয়ে আয় না কেউ—

্ৰিকজন ছুটে গিয়ে জল নিয়ে এলো। জল দিয়ে পাৰীর গলা ধুইয়ে দিতেই দেখা গেল রংটা হাতে আঁকা।

চন্দ্রা—একি! এ যে হাতে আঁকা রঙ! অবস্তীকুমার প্রবঞ্চক!

১মা দখি—তাত' হবেই সখি। ওরা যে যুদ্ধে মহারাজের কাছে

হেরে গিয়েছিল। মহারাজ দয়া করে ওদের রাজ্য ফিরিয়ে দিয়েছিলেন। আজ বুঝি সেই অপমানের প্রতিশোধ নিতে এসেছে—

চন্দ্রা—কিন্তু মিণ্যার জয় কি কখনো হতে পারে! প্রতিহারিণী, তুমি মহারাজকে বল—অবন্তীকুমার প্রতারণার অপরাধে আমাদের বন্দী হয়ে থাক্বেন।

[প্রতিহারিণীর প্রস্থান]

১মা সখি—দেখি এবার আবার কোন্ বীরের আবির্ভাব হয়—

প্রিভিহারিণীর পুনঃপ্রবেশ)

প্রতিহারিণী—সত্যই এবার বীরের আবির্ভাব হয়েছে দেবী— রাজকুমার বিক্রম সিংহ এসেছেন—সঙ্গে তাঁর অসংখ্য পাধী—

চক্রা—আচ্ছা, নিয়ে এসো এইখানে।

[প্রতিহারিণী চলে গেল এবং মুহুর্তেই রালি রালি মৃত পক্ষী এমে **ভূপীক্ত** করে কেলে।]

শিশু-নাটিকা

চন্দ্রা—[শিউরে উঠে] একি, এ ত মৃত পাথী! জীব-হিংসা করতে তাকে কে বল্লে ?

প্রতিহারিণী—রাজকুমার বিক্রম জানিয়েছেন, অন্তুত শিকার-নৈপুণ্যে তিনি বনের সমস্ত পক্ষী নিঃশেষ করেছেন। আপনি এর ভিতর থেকে নীলকণ্ঠ পাখী খুঁজে নিন।

[প্রস্থান]

চক্রা—[উত্তেজিত হয়ে] না—না-—এর ভেতর নীলকণ্ঠ পাখী নেই। তাকে মারবার কারো ক্ষমতা নেই! এই রক্তপ্রোত আমি সইতে পাল্ছিনে—

[মহাবাণীর প্রবেশ]

মহারাণী—ক্ষত্রিয়ের মেয়ে হয়ে রক্ত দেখে তোমার ভয়! তুমি জানো চন্দ্রা, আমরা অপুত্রক। যার গলায় তুমি বরমাল্য দেবে, ভবিশ্যতে সেই হবে এদেশের রাজা। রাজকুমার বিক্রম সিংহের মতো বোদ্ধা ক্ষত্রিয়-সমাজে তুর্লভ। এই রাজকুমারকেই তুমি বরণ কর—

চন্দ্ৰা—[কেঁদে উঠে আঁচলে মুখ ঢেকে] সে আমি পাৱৰ ৰা—ৰা

মহারাণী-মহারাজেরও ত' দেই ইচ্ছে-

চন্দ্রা—আচ্ছা, যাচ্ছি আমি বাবার কাছে—

মহারাণী—আর বাবার কাছে বেতে হবে না—তিনিই ত' আদর দিয়ে তোমার মাথা খেয়েছেন—

(ৰগে প্ৰস্থান)

नीवकर्थ शाबी

প্রতিহারিণীর প্রবেশ]

প্রতিহারিণী—একটি তরুণ তাপসের সন্ধান পাওয়া গেছে রাজকুমারী—

১মা সধি—মর মুখপুড়ি! তরুণ তাপস দিয়ে কি হবে রে ?
২য়া সধি—তুই কি বল্তে চাস্ আমাদের রাজকুমারী তপসিনী
হবে
?

প্রতিহারিণী—না দেবী, সে কথা নয়—

৪র্থা সথি—তবে কোন্ কথা শুনি!

প্রতিহারিণী—সেই তরুণ তাপসের উত্তরীয়ের ভেতর থেকে ভেসে আসছে অপূর্ব্ব এক পাখীর কাকলী। সবাই বলছে ও স্বর্গের পাখী—

চন্দ্রা—র্যা! বলিস্ কি ? কোথায় সেই তাপস ?

প্রতিহারিণী—মহারাজ এই সংবাদ পেয়ে তাপদকে ছেকে এনেছেন প্রাসাদে।

চন্দ্ৰা--- বিয়ে আয় সেই পাখী---

প্রতিহারিণী—দে পাখী ত'সে কাউকে দেবে না! উত্তরীয়ের তলায় লুকিয়ে রেখেছে।

১মা সবি-তার কি প্রাণের ভয় নেই ?

প্রতিহারিণী—মহারাজ তাকে পুরস্কার দেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন···সে স্থির হয়ে দাঁড়িয়ে রইল, তাকে কঠিন দণ্ডের ভয় দেখিয়েছিলেন···সে শীরবে হাসল!

চন্দ্রা—যা, তাঁকে আমার শাম করে এবানে নিয়ে আয়—
[প্রভিহারিণীর প্রস্থান]

শিশু-নাটকা

২য়া সধি—তুমি বলছ কি রাজকুমারী ? একটা পথের ভিখিরীকে নিয়ে আসবে তোমার অন্তঃপুরে ?

চক্ৰা—আমি নীলকণ্ঠ পাৰী দেখতে চাই—না দেখলে পাগল হয়ে যাবো—

[প্রতিহারিণীর সঙ্গে এক তাপসের প্রবেশ]

তার আগমনের সঙ্গে সঙ্গে একটি মধ্র সঙ্গীত ধ্বনিত হতে লাগলো অন্তঃপুরের রক্ষ্রের ক্ষ্রে। কিন্তু কোথা থেকে যে গান ভেনে আস্ছিল তা কেউ বুঝতে পারলে না।]

গান

নীড়হারা নীল পাথি !
বাসা বাঁধিবারে একেছে হুরারে দুর করে দেবে নাকি ?
গগন ঢাকিয়া ওঠে কালো মেঘ
কেবলি বাড়িছে প্রনের বেগ
বিজ্ঞালি চমকে দিশেহারা হয়ে বলনা কোথার থাকি !
নীড়হারা নীল পাথি !

বারে ঝর-ঝর ধারা অবিরল, শুরু শুরু দেরা ডাকে…
পাথা ভিজে বার, পথ কোখা মোর শুখাইব বল কাকে!
মেৰে ও ভড়িতে বিপদ বনার
ডাকিতেছি তাই আপন জনার
কার পদতলে ক্লান্ত পরাণ বলনা আজিকে রাখি
নীড়হারা নীল পাখি!

নীৰকণ্ঠ পাৰী

চক্রা—[কান পেতে শুনে] হাঁা! এই স্থর—আজ প্রভাতে স্থপনের মাঝে আমার হৃদয়কে তুলিয়ে দিয়ে গেছে! ওগো বন্ধু— তোমারি কাছে আছে নীলকণ্ঠ পাধী…

[এগিয়ে গেল]

সখিদল—[বিশ্ময়ে] রাজকুমারী ! ও যে পথের ভিক্কক—ও ষে সন্ম্যাসী—ও যে—

চন্দ্রা—[অভিভূত হয়ে] জানি না পথের ভিকুক কি স্বর্গের দেবতা—শুধু এইটুকু জানি যে, তাঁর গলায় ছলিয়ে দিতে হবে আমার বরমাল্য—

চিক্রা মালা পরিয়ে দেবার সঙ্গে সঙ্গে তাপস এক অনিন্যস্থলর রাজপুত্রের মৃতি গ্রহণ করল।]

রাজপুত্র—রাজকুমারী! মেঘলোকের রাজপুত্র হয়েও মর্ত্যের মানবীকে দেখে মুগ্ধ হই। নীলকণ্ঠ পাখীর স্বপ্ন আমার ছলনা—তোমাকে পরীক্ষা করবার জন্মে! সে পরীক্ষায় জন্মী হয়েছ তুমি চন্দ্রা! আজ তোমার বরমাল্য আমার শ্রেষ্ঠ-সম্পদ।



দাত্রব শোবার ঘর। দাত্র একখান। ইজি-চেরারে শুইরা তুপুর বেলার তন্ত্র। ভোগ করিতেছেন। ঘরের মেঝেতে অনেক রকম খেল্ন'—কাঠের ঘোড়া, পাথরের হাতী, নানা রকম বাশী, কাগজের তৈরী পাথা, ফুল, বেলুন, আারো অনেক কিছু। খোক। তাই নিরা পেলা করিতেতে, কিন্তু খেলার ভাহার মন বসিতেছে না।]

খোকা। দাতু...ও দাতু শুন্ছ ?

দাহ। [যুম ভাঙ্গিয়া গেল] কি বল্ছ দাহ ?

ৰোকা। আমার বাবা কি আর ফিরে আস্বে না?

দাছ। কেন আস্বে না ভাই, তুমি ত' জানো তোমার বাবা যুদ্ধে গেছে…যুদ্ধ খেমে গেলেই ফিরে আস্বে—

খোকা। আচ্ছা দাতু, সেদিন একটা লোক বাইকে ক'রে ছুট্তে ছুট্তে এসে ভোমার হাতে একটা হল্দে খাম দিলে তুমি সেটা পড়ে কেঁদে ফেলে!—কেন দাতু ?

নোনার-কাঠি

দাছ। [চোধ জলে ভরিয়া উঠিল, মুছিয়া ফেলিয়া] ও কিছু নয়! তুমি খেল্না নিয়ে খেলা কর। কেমন চমৎকার ঘোড়া কোলো-সাদা হাতী তুমি খেল, আমি একটু যুমুই ত

[দাতর নাকের ডাক শোনা গেল]

[খোকাদের বাড়ীর পাশে এক থাল। তারি ওধারে এক বন। খোক: তাকাইয়া দেখিল—সেই বন হইতে বাছির হইল এক থৃখুরে ব্ড়ী। সে তাকে হাতছানি দিয়া ডাকিতে লাগিল।]

(शंकां। ও দাइ…नाइ…

দাছ। [সাবার চোব মেলিয়া তাকাইলেন] কি ভাই, সাবার কি হ'ল ?

খোকা। ঐ যে খালের ধারে বন···ঐধানে থাকে এক বুড়ী।
চুকগুলো তার শণের মত সাদা···ফোক্লা দাঁত। আমায় দেখলেই
ফিক্ ফিক্ করে হাসে আর হাতছানি দিয়ে ডাকে! চেনো তুমি
ওকে দাত ?

দাহ। ও কিছু নয়, তুমি খেলা কর---[ঘুমাইয়া পড়িল]

[দেখা গেল ব্ড়ী পা টিপিয়া টিপিয়া আবার বন হইতে বাহির হইয়াছে।
ফিক্ ফিক্ করিয়া হাসিয়া খোকাকে হাতছানি দিয়া ডাকিল। খোকা চাহিয়া
দেখিল, ঠাকুর্দ্ধা বুমাইতেছেন। তাড়াভাড়ি খেল্নাগুলি ফেলিয়া বাহিরে চলিয়া
আালিল। খাল পার হইতে একটি বালের সাঁকো ছিল··থোকা ভারি উপর দিয়া
বুড়ীর কাছে চলিয়া গেল।

শিশু-নাটিকা

খোকা। কে ভূমি বুড়ী ··· রোজ আমায় দেখে হাসো আর হাত-ইসারা করে ভাকো ?

বুড়ী। ওরে খোকা, আমায় চিনিস্না? আমি আছিকালের বৈছি বুড়ী।

থোকা। আমায় তুমি চিন্লে কি করে?

বুড়ী। তোকে আমি চিন্বো না রে? তোকে চিনি, তোর বাপকে চিনি তোর বাপ তোর ঠাকুদ্দা তপ্থিবীর আদি কাল থেকে কাকে আমি না চিনি বল্?

খোকা। তা'হলে ত' ভারা মঙ্গা! আমি বড় একা একা 'ও-বাড়ীতে থাকি ··· একটিও খেলার সাখী নেই ··· আমার একটি বন্ধু জুটিয়ে দাও না আগ্রিকালের বৈগ্নি বুড়ী—

বুড়ী। দেবো রে—দেবো—আর সেই জ্ঞাতেই ত' তোকে ডেকে আনলাম—ঐ দেখ কে আস্ছে—

[থোকারই মতো একটি ছোট্ট বালকের প্রবেশ। সবুজ রঙের কাপড়-পরা। কোক্ডা কোক্ডা চুল বাতাসে চলিতেছে • সুথে মিটি হাসি।]

খোক!। বাঃ, চমৎকার ছেলেটি ত'! আমাদের পাড়ায় ত' কোনো দিন দেখিনি ওকে—

বুড়ী। রোসো, আগে তোমাদের হ'জনের আলাপ করিয়ে দিই। খোকা, ওর নাম তৃণদল। পৃথিবীতে যত কচি ঘাস দেখো ও তারই প্রাণ; আর তৃণদল, এ খোকা হবে তোমাদের নতুন বন্ধু। এখন তৃণদল, তোমার খবর কি বল—

লোনার-কাঠি

তৃণদল। শোনো বৃড়ীমা, তোমারই কথায় আমি পৃথিবীর বুকে না-জানা পথে রওনা হয়েছিলাম। গোটা পৃথিবীকে আমি কচি শ্যামল তৃণে ভরিয়ে দিয়েছিলাম। কি চমংকার শোভা হয়েছিল তাতে বৃড়ীমা। হাওয়ায় তারা হেল্তো হল্তো ত্ল্তো স্র্যার কিরণে, চাঁদের আলোয় তারা উঠেছিল বড় হয়ে—কিন্তু মামুষের তা ভালো লাগ্লো না—তারা চায় য়ুদ্ধ। একের ধন অন্যে কেড়ে নিতে চায়। একের রাজ্য অপরে জাের করে দখল করে। তারা নিয়ে এলাে কামান তিনিয়ে এলাে মেশিন-গান ত্যেখানে ছিল শ্যামলিমা, সেখানে আজ মরুভূমির মত তালি আর তপ্ত হাওয়া বইছে তেবু তারা চায় য়ুদ্ধ ত

খোকা। এ কে আছিকালের বৈছি বুড়ী?

বুড়ী। এর নাম ফুলদল। পৃথিবীতে যত ফুল আছে তারই প্রাণ। আর ফুলদল, এই তোমাদের নতুন বন্ধু খোকা! তারপর তোমার কি খবর ফুলদল ?

ফুলদল। তোমারই কথার আমি বেরুলাম বুড়ীমা, সারা পৃথিবীর বুকে ফুল ফুটিয়ে তেকত রকম বে ফুল তেখার কি মিষ্টি তার গন্ধ! সেই ফুলের গন্ধে আকুল হয়ে ভ্রমর এলো গুন্গুনিয়ে—বনের পশু তাতে মুগ্ধ হ'ল—কিন্তু মামুধ তার দিকে ফিরেও তাকালো মা।

वृष्टी। दक्ब?

শিশু-নাটিকা

ফুলদল। স্থানরের দিকে মান্তবের চোখ মেলে তাকাবার সময় নেই…আমার অমন ফুলগুলি যা' সারা জগৎকে মধুময় করে রেখেছিল, তাই মানুষগুলো সব নদ্ট করে ফেল্লে বিষ-গ্যাস দিয়ে! ফুলের দল পড়ল ঝরে, ফুল শুকিয়ে কুঁক্ড়ে গেল।

বুড়ী। হ'!

খোকা। আছি বুড়ী, ঐ দেখ কে একটা বুড়ো এই দিকে আসছে।

বুড়ী। 'ওর নাম মহীরুহ। পৃথিবীর সমস্ত গাছের প্রাণ হচ্ছে 'ও!

[মহীরুহের প্রবেশ]

वूज़ी। कि अवत मशैक़र ?

মহীরহ। তোমারই কথায় আমি সারা বিখে ছড়িয়ে পড়লাম— আকাশের দিকে উঁচু করে ধরলাম আমার শাখা-প্রশাখা, কত পাখী এসে সেখানে বাসা বাঁধল! কত পথিক আমার ছায়ায় আশ্রয় পেলো! কিন্তু লোভী মামুষ তাতে খুশী নয়।

বুড়ী। কি বলে তারা?

মহীরহ। তারা সমস্ত গাছ কেটে কেলে—; তাই দিয়ে তৈরী হ'ল যুক্তের জাহাজ। লড়ায়ের নামে মামুষ আজ পাগল হয়ে উঠেছে! তাই আমার ডালে আর একটি পাতা ও নেই—পাবীরা ভয়ে আর দেখানে এসে নিত্য আমায় গান শোনায় না! কি করে আমি বাঁচবো বুড়ীমা?

গোনার-কাঠি

বুড়ী। তাইত'! বড় ভাব্নার কথাই হ'ল---

খোকা। গায়ের রঙ্নীল কিন্তু চুলগুলো সব সাদা ধব্ধবে—
ভ কে আসছে বৈভি বুড়ী ?

বুড়ী। ও হচ্ছে সাগর। নীল ওর দেহ কিন্তু চুলগুলো সাদা ফেনা। এসো সাগর—তোমার খবর বলো—

সাগর। তোমারই আদেশে আমি সাত সাগরে, সারা পৃথিবীকে মায়ের মতো করেই ঘিরে রাখ্লাম। মেঘ হয়ে উঠ্লাম আকাশে তরি হয়ে ছড়িয়ে পড়লাম—সারা বিশ্বে। পৃথিবীতে শস্ত রাখ্বার ঠাই থাকল না। তবু মাঝুমের জত্যে জমিয়ে রাখ্লাম—মুক্তা, মণি, প্রবাল—আমাদের বুকের কাছটিতে। কিন্তু মাঝুমের মন তাতে পেলাম না। আমার টেউয়ের দোলানি মায়ের কোলের দোলের মতই মধুর কিন্তু মাঝুম তা চায় না কেন আমার বুকে আজ ফুলজাহাজ ভাসিয়েছে! তুমি আদেশ কর বুড়ীমা; টেউয়ের এক আঘাতে সব আমার অতল তলে তলিয়ে দিই।

বুড়ী। একটু শান্ত হও সাগর, ওই দেখ কে আসছে—

রিবির কিরণের প্রবেশ। তার আসার সঙ্গে সঙ্গে চারিদিক্ ঝল্মল্ করিয়াউঠিল।]

বুড়ী। এসো রবির কিরণ, তোমার খবর আমরা এখনও জানতে পারিনি।

রবির কিরণ। কি আর জান্বে বুড়ীমা! পৃথিবীর লোক ভুলে গেছে আমি তালের কত আপনার! আজকালকার মাত্রুবরা আর

আমাকে স্থ্যি মামা বলে ডাকে না—আমি যদি একদিন ওদের ঘরে ঘরে গিয়ে ধবর না দিয়ে আসি তবে আর ওদের হঃধ-হর্দদার অস্ত থাক্বে না—হয় ত' বেশী দিন না গেলে ওরা মরেই যাবে! কিন্তু সেই উপকারী বন্ধুকে ওরা কি করে ভুলে থাক্লো আমি ভেবে পাইনে! ওরা উড়ো-জাহাজ তৈরী করে ভাবে আমার ওপরেও টেকা দিয়ে ওপরে উঠে যাবে। তুমি বলত বুড়ীমা! একি সম্থ করা যায় ? তুমি আমায় আদেশ কর বুড়ীমা—আমি একবার রক্ত-চক্ষুতে পৃথিবীর দিকে তাকাই…সঙ্গে সঙ্গে চারিদিকে দাবানল স্থলে উঠ্বে। ওরা যুদ্ধ চায়্য়…তবে যুদ্ধই হোক—ওরা ভস্ম হয়ে পুড়ে মরুক।

বৃড়ী। অবৃথ হয়ে। না রবির কিরণ! তোমাদের কাজ ত' ধ্বংস করা নয়—তোমাদের কাজ গড়ে তোলা—স্পষ্টি করা। আমি বৃথতে পাচ্ছি, পৃথিবী বিষিয়ে উঠেছে—স্বার্থপরতায়, রাজ্যলোভে

অত্যাচারে অনিয়মে; কিন্তু আবার তাতে আমাদের প্রাণ-সঞ্চার করতে হ'বে!

সকলে। তা হ'বে না বুড়ীমা! ওরা স্থন্দরকে চায় না—
রূপকথার গল্প শুন্লে ওরা হেসে উড়িয়ে দেয়—বিজ্ঞানই ওদের
দানৰ—তাই দিয়ে ওরা পৃথিবী শাসন করবে··পিন্ধরাজ ঘোড়ার
খুরের শব্দ ওদের কাণে আর ধায় না। ব্যাক্ষমা-ব্যাক্ষমীর কথা
শুনলে ওরা বলে গল্প! তাই ওরা সোনার-কাঠি হারিয়ে বসে আছে।
পৃথিবীতে তাই এত হংব, এত রোগ, এত শোক···! তাই মামুধ
আজ এত লোভী হয়ে উঠেছে। ওরা সবাই পরের জিনিস কেড়ে
নিতে চায়।

সোনার-কাঠি

বৃড়ী। তবে শোনো বন্ধুর দল! ধারা রূপকথা বিশাস করে না—তারা নিজেদের বিবেককে হারিয়ে ফেলেছে। ওদের কাছে তোমরা আরু যেয়োনা। ওরা মরুক সব কাটাকাটি মারামারি করে। আমরা আজ্ব থেকে পৃথিবীতে নতুন জ্বাতির স্পষ্টি করবো। আমাদের নতুন বন্ধু এই খোকাই হ'বে সেই জ্বাতির অগ্রদৃত।—তুণদল!

তৃণদল। বল বুড়ীমা---

বুড়ী। তুমি আজ থেকে ওকে গড়ে তুলবে—তোমারই মত কোমল করে—তোমারই মত শ্যামল হ'বে ওর মন—

তৃণদল। আচছা বুড়ীমা।

वृष्णे। कृतमन !---

ফুলদল। বল বুড়ীমা--

বুড়ী। তোমারই মত স্থন্দর করে গড়ে তোলো এই খোকাকে— ওর যশ, ওর স্থনাম যেন চারিদিকে ছড়িয়ে পড়ে—ফ্লেরই গন্ধের মত--

ফুলদল। তাই হ'বে বুড়ীম।---

वूषी। भशीतः !---

মহীরুহ। আজ্ঞা কর বুড়ীমা—

বুড়ী। থোকাকে তুমি গড়ে তোলো তোমারই মত সবল আর দৃঢ় করে, আকাশের পানে মেলে ধরুক ওর যত কামনা উচ্চাকাজ্জা; পৃথিবীর লোক ওকে আশ্রয় করে বাঁচুক—পাধীরা যেমন তোমায় আশ্রয় করে।

মহীরুহ। তাই করব বুড়ীমা---

বুড়ী। সাগর!-

मागत। कि वनरव वन वूड़ीमा-

বুড়ী। তোমারই মত মহান্ আর উদার করে। ওর মন। ও যেন হয় তোমারই মত দাতা—যেমন নাকি তোমা থেকে উঠে মেছ···মেছ যেমন বারি বরিষণ করে—-

সাগর। তোমার আজ্ঞাই পালন করবো বুড়ীমা—

বুড়ী। রবির কিরণ!—

রবির কিরণ। তোমারই আদেশের অপেক্ষায় আছি বুড়ীমা---

বুড়ী। তোমারই মত উজ্জ্বল কর ওর প্রতিভাকে। অসত্য— যেন দূরে চলে যায়। সত্যের পূজারী যেন হয় এই খোকা তোমারই শুক্র কিরণের মত—

রবির কিরণ। তোমার ইচ্ছা পূর্ণ হবে বুড়ীনা—

বৃড়ী। তারপর বন্ধুগণ! এই খোকাকে নিয়ে বেরুবে জয়-যাত্রায়—পৃথিবীর যত শিশু-মনে ছুইয়ে দেবে সোনার-কাঠি···আবার তারা পরস্পরকে ভালোবাস্তে শিখ্বে—

খোকা। কি মজা! আমি যাবো—আমি যাবো…কিন্তু বুড়ীমা এক মিনিট—। আমি দাহুকে বলে আসি—

> [ছুটিয়া সাকো পার হইয়া দাতর ঘরে ঢুকিল। দাত তথনও অংঘারে ঘুমাইতেছে]


খোকা। দাহ! দাহ! শীগ্গির ওঠ। আমি যাচ্ছি— দাহ। [চোধ রগ্ড়াইয়া] কি রে খোকা কোখায় যাবি?

শোনার-কাঠি

খোকা। যাবো ওদের সঙ্গে—সোনার-কাঠি ফিরিয়ে আন্তে—
দাহ। পাগল ছেলে! জেগে জেগেই স্বপ্ন দেখ্ছিস! খেল্না
নিয়ে খেলা করগে —আমি আর একটু ঘুমিয়ে নি।

্দাত্পাশ কিরিয়া শুইল। আবার তাহার নাকের ডাক শোনা যাইতে লাগিল]

-্যব্যবিক



তুল-পরী

পাৰীরা শিস দির। গাহিতে লাগিল। দুর হইতে পরীদের গান ভাসিয়া আসিতে লাগিল]

পরীদের গান

কূল--কূল--কূল !
কূল দলে ফুলি মোরা ছল্ জল্ জন্ !
কূল-মধ্ করি পান
কুর কুরে গাই গান
বিশিরেতে জল দোলে টুল্ টুল্ টুল্ !

খোকা। দাঁড়াও—একটি পরীকে ধরতে হবে— পরীর দল। ওরে—মান্তুষের ছেলেটি আস্ছে—পালা পালা— ি পলায়নের শক

খোকা। একটিকে ধরে ফেলেছি—এইবার— পরী। ছাড়ো—ছাড়ো—আমায় ছেড়ে দাও—

প্ৰীৰ গাম

আমি উড়ে যাবে৷ পরীর দেশে—
উবার লালিমা হেথার সাঝের তারার মেলে!
বিছান৷ বিছার চাঁদের জ্যোছনা—

ঘুমার পরীরা—হরিণ-লোচন৷

সাধী-হার৷ কোন কুলে একা চলি ভেসে?

খোকার গান

ফুল-পরী গো, করবো ভোমায় খেলার শান্ধী
নীল-গগনে পাথ্না মেলে চল্বে খেলা দিবস-রাতি।
ছুট্বো গু'জন ফুল-বাগানে
গাইবো যে গান প্রাণ-জাগানে
দোয়েল শুামা শিস দেবে গো, সন্ধ্যা-ভারা থাক্বে সান্ধী।

পরী। কিন্তু ভাই—তিনটি বোন যে আমার পথ চেয়ে বস্পে থাক্বে।

বোকা। আচ্ছা, তোমায় আমি ছেড়ে দিতে পারি কিন্তু-

পরী। কিন্তু-- ?

খোকা। এক সর্ত্তে---

পরী। বল---

খোক।। একদিনের জন্মে তোমার পাখা ছুটো আমায় ধার দিতে হ'বে—

পরী। বল কি ?

খোকা। ই্যা, নইলে তোমায় আমি ছাড়বে। না—

পরী। আচ্ছা, একদিন আমি এই ফুলবনেই লুকিয়ে থাক্বে'—
নাও তুমি পাখা—আমি তোমায় বর দিচ্ছি—এই পাখা পরলে কেউ
তোমায় দেখতে পাবে না—

খোকা। বটে! কি মজা! কি মজা! তুমি বোন ফুলের পাঁপ্ডির ভেতর লুকিয়ে থাকো। খিদে পেলে ফুলের মধু খেরো।

ফুল-পরী

পরী। কিন্তু আমার পাখা তৃটো ?—কখন পাবো ?
ধোকা। কাল সন্ধ্যে-বেলা এসে ঠিক ফিরিয়ে দেবো। এখন
আমি উড়লাম—

[পাথার শক]

[বিভীয় খণ্ড]

বোকা। ফুল-পরী বলেছে—পাখা লাগালে কেউ আমায় দেখ্তে পাবে না! ভারী মজা!

সন্দেশওয়ালা। চাই সন্দেশ—ভালো নতুন গুড়ের টাট্কা সন্দেশ—

খোকা। আরে ! সন্দেশ নিয়ে ফিরিওয়ালা এই দিকেই আস্ছে —লুকিয়ে খেতে হ'বে—

[পাথার শব্দ]

সন্দেশওয়ালা। আরে—আরে—আরে একি! কে কোথায় আছ—শীগগির এসোণ—

১ম বালক। कि श'ल-कि श'ल ?

২য় বালক। এমন ঘাঁড়ের মত চাঁচাচ্ছ কেন?

मत्नमा अयाना । आमात्र शैष्टि त्थरक मत्नमा छेर ए शांटक र !

১ম বালক। সন্দেশ উড়ছে ?

২য় বালক। আরে হাা, তাইত! তাইত! সন্দেশ উড়ছে!

[কোনাহন]

খোকা। যাক্! অনেকগুলি সন্দেশ খেয়ে নিয়েছি। ঐ যে কিপ্টে মহাজন আসছে—সঙ্গে আবার এক থলি টাকা—

[মহাজনেব প্রবেশ]

মহাজন। রাধা কৃষ্ণ বল মন! আজকে আদায়টা ভালই হয়েছে। কিন্তু যে চোর-ডাকাতের উপদ্রব! সিন্দুকে পুরে তবে নিশ্চিন্দি!

ভিখারী। একটি পয়সা দাওনা বাবা—-তিন দিন কিছু খাইনি বাবা—-

মহাজন। যা—যা পালা···পয়সা! পয়সা গাছের ফল কিনা— ভাগ···

খোকা। দেখেছ কি হুফ । ভিখিরীটাকে একটা পয়সাও দিলে না ? রোসো মক্ষা দেখাচিছ।

মহাজন। কি সর্বনাশ! টাকার থলিটা হাত থেকে উড়ে যাচ্ছে যে—

[থোকাব হাসি]

মহাজন। ওরে আমার সর্বন্দ্র গেল রে—সর্বন্দ্র গেল—

ছেলের দল। কি বৈরাগী ঠাকুর, এত চ্যাচাচ্ছ কেন? একটু রাধা-কুঞ্জের নাম কর না—

মহাজন। ধুভোর তোর রাধা-ক্লফের নিকুচি করেছে। আমার টাকার থলি যে উড়ল—

১ম বালক। ওরে তাইত রে ! থলি উড়ছে—ছোট্ ছোট্…
[রাস্তার টাকা পড়ার শব্দ ও খোকার হাসি]

ফুল-পরী

মহাজন। হায়! হায়! এ যে দিনে ডাকাতি! পাহারাওয়ালা! পাহারাওয়ালা!

[টাকার শব্দ]

ছেলের দল। ওরে টাকার হরির-লুট হচ্ছে—কুড়িয়ে নে— কুড়িয়ে নে—

[कानाइन]

ভিখারী। আমিও একটা পেয়েছি বাবা! যে দিলে বাবা— ভার জয় হোক—জয় হোক—

মহাজন। আমি ধনে প্রাণে মারা গেলুম রে—ধনে প্রাণে মারা গেলুম—

[প্রস্থান]

খোকা। কিপেট মহাজনটা আচ্ছা জন্দ হয়েছে। আরে! ওপাড়ার বর্ণধীরটা আসছে না ? হু। সেদিন আমার বিস্কৃট কেড়ে নিয়ে খেয়েছিল—আজ দেখাচ্ছি মজাটা।

[বক্তুতা করিতে করিতে রণধীরের প্রবেশ]

আমি মহাবীর এই পৃথিবীর কভু নহি থির আমি রণধীর

[হঠাৎ] এই-পিছন থেকে কান ধরলে কেরে? নিশ্চয়ই বিশে-

(থাকার হাসি)

णाथ् वित्न, ভाता शक्त ना-वता मिक्टि-

(আবার হাসি]

শিও-নাটকা

মাঁা! কেউ নেই ত!

[থোকার হাসি]

ওরে বাবারে—ভূত! ভূত! ভূত! ঘাড় মট্কালে রে— িছট দিল ী

্রিমাগত থোকার হাসি শোনা বাইতে লাগিল ১

খোকা। উ:! থুব পরিশ্রম হয়েছে! সঙ্ক্ষ্যেও হয়ে এলো---এইবার কুল-বাগানে গিয়ে একটু জিরিয়ে নি---

পরী। ভাই গোকা---

খোকা। আরে ফুল-পরী, তুমি?

পরী। গ্রাভাই। এইবার আমার যাবার সময় হল যে।

খোকা। তুমি চলে যাবে? ভেবেছিলুম তোমাকে আমার খেলার-সাধী করে রাখবো—

পরী। কিন্তু আমার তিন বোন যে কাদবে।

খোকা। তবে আর তোমায় ধরে রাখবে। ন'—এই নাও পাবা—

পরীর গান

ক্ল-পরী যুরি মোরা ফুর্-কুর্-ফুর্
নেচে চলি ফুলবাসে ভূর্-ভূর্-ভূর্!
পরি কপালেতে টিপ
ভারাদল ধরে দীপ
পরীদের দেশে চলি—দুর—দুর—দুর!

[গান আকালে মিলাইয়া গেল]



[নিশুতি রাত, খড়িতে ঢং ঢং করির। তিনটা বাজিল]

স্থপন বুড়ো। [চাপা গলায়] এই খোকা শীগ্গির আমার সক্তে পালিয়ে এসো—

খোকা। [পাশ ফিরিয়া শুইয়া] কে তুমি আমায় যুমের নথ্যে খালাতন কচ্ছ বলত ?

স্থান বুড়ে। বারে! আমায় চেনো না ? আমি স্থান বুড়ো
--রোজ ঘুমের ভেতর কত দেশে তোমায় বেড়াতে নিয়ে যাই—
স্থানপুরীর দেশ, মেঘলোকের দেশ—পাতালপুরীর রাজ্য, আরো
কত জায়গা।

খোকা। না আমি যাবো না—ঠাকুমা বারণ করেছে—
সপন বুড়ো। বটে! তবে এই সুড়স্থড়ি দিছি—
খোকা। হি—হি—হো—হো—হা—
সপন বুড়ো। কেমন মজা এইবার—
খোকা। হি—হি—হাঁ—ভাঁ—আমি যাবো—আমি যাবো।
সপন বুড়ো। তবে এসো—

গান

ত্' হাত দিয়ে ধরবে কসে

আমার সাত হাত দাড়ি

সটান্ যাবো পাতাল পুরীর

রাজার মেরের বাড়ী!

চিংড়ি, চিতোল আর কোলা ব্যাং

ভার পাহারা বাড়িয়ে ত' ঠ্যাং

মান্ত্র থোকা দেখলে তারা আস্বে মাথা নাড়ি!

[ক্লের নীচে যাওয়ার Music]

খোকা। স্থারে এ কি স্বপন বুড়ো, সত্যি আমায় জলের তলে নিয়ে এলে যে!

স্থপন বুড়ো

हिज्त। श्रूक श्रूक श्रूक् ...

খোকা। ও বাবা তুমি আবার কে?

िष्ठल। भूक् भूक् भूक्! आमाग्न (हरना ना ?

খোকা। [ভয় পাইয়া] না ত! [জোরে]ও স্থপন বুড়ো ভুমি কোথায় গেলে?

চিতল। আমার নাম ঢেউ-খেলানো চিতল। স্বপন বুড়ো পালিয়েছে পুক্ পুক্ পুক্! কিন্তু আমি তোমায় ছাড়ছিনে—

খোকা। [কাদ-কাদ সরে] কেন ? আমি তোমার কি করেছি ?

চিতল। কি করেছি! মনে নেই, তোমার জন্মদিনে আমার মেশোমশাইকে ধরে নিয়ে তোমরা খেয়েছিলে? আজ আমাদের রাজ্যে এসেছ ? তোমাকেই আমি বাবো—

খোকা। আা! বল কি। ও স্বপন বুড়ো---চিত্তল। স্বপন বুড়ো কি করে দেখি—

গান

পুক্ পুক্ পুক্ পুক্
ঠুক্ৰে থাবো টুক্বো করে চোথ হাট টুক্ টুক্ '
গাল হুটিতে করবো গজা
আজ্কে ভোজের অনেক ২জ'
গাওলা বড়া করবো দিয়ে কানের লভিটুক্
পুক্ পুক্ পুক্ পুক্ !

খোকা। ও স্থপন বুড়ো শীগ্সির এসো।
চিত্তন। এইবার নাকটা আগে বাই—

কুমীর। ভস্ ভস্ ভস্ গঙ্ েকে রে আমার শিকার নেয় ?

চিতল। কুমীর খুড়ো? আমি ঢেউ-খেলানো চিতল।

কুমীর। কিন্তু ও পুঁচকে ছোঁড়াটা আমার শিকার। ওর বাবা বন্দুকের গুলিতে আমার দাদাকে মেরে ফেলেছিল—আজকে আর ছাড়ছিনে—

গান

ল্যান্দের টানে উল্টে দেবে। পুঁচ্কে পাজি ছা আমার পথে লাড়াসনে কেউ, সবাই তফাং যা !

খোকা। ওরে বাবারে! কোথায় গেলি রে স্বপন বুড়ো ?

স্থন বুড়ো। [চাপা গলায়] চুপ্! আমার সঙ্গে পালিয়ে এসো, আমি তোমায় ওপরে নিয়ে যাচিছ।

[উপত্নে উঠার শব্দ Background music]

খোকা। আঃ কি চনৎকার স্থাির আলাে! ওপরে উঠে গাঁফ ছেড়ে বাঁচলাম।

भिं भ्राष्**। कूर्येम् कूर्येम् कूर्ये** •••

খোকা। উ হু-ছ গেছি গেছি গেছি তেৰ বুড়ো আঙ্গুলে কান্ডে দিলে!

পিঁপ্ডে। বুড়ো আঙ্গুলে কাম্ডে ত শুধু বউনি করে নিলাম। আজ তোমার রক্ষে নেই।

খোকা। আগা! তুমি আবার কে ? পিঁপ্ডে। আমি লালচাঁদ পিঁপ্ডে।

ৰপন বৃড়ো

খোক। আমি তোমার কি করেছি যে—

পিঁপ্ডে। কি করেছ ? মনে নেই, আমার ছোট ভাইকে তুমি হথের সঙ্গে চুমুক দিয়ে খেয়ে ফেলেছ ?

খোকা। [ভয়ে] ও স্বপন বুড়ো ?—দেখেছ ? বুড়ো কোন্ ফাঁকে পালিয়েছে!

পিঁপ্ডে। ও বুড়ো থাকলেও আমি কেয়ার করি না। তোমায় আমি কি করি দেখ—

গান

ঘাড়ে আৰু ধরবো পিঠে এসে চড়বো গুব করে শড়বো কুটুস্ কুট্ ! ঝুটি ধরে বাগিয়ে যা কতক লাগিয়ে দেব আৰু ভাগিয়ে কুটুস্ কুট্!

ডেঞে। আরে—আরে—আরে—! ভুই একাই যে সব বলে ফেল্লি— গ্লামি রয়েছি না ?

পিপ্ডে.। হুমি সাবার কোথেকে উড়ে এসে জুড়ে বস্তে চাও ? কে হুমি বট হে ?

ভেঞে। বটে! আমায় চিনিস্ না! আমি মরণ-কামড় ভেঞে! তোর বড় মামা।

খোকা। ও বাবা! স্থামার ডেঞে! তা তোমার সঙ্গে ত স্থামার ঝগড়া নেই!

ডেঞে। না'নেই? ভুলে গেছ—দে বছর কালো জাম খেতে গাছে উঠেছিলে—পা দিয়ে আমার একটা ঠ্যাংই মাড়িয়ে দিলে। সেই থেকে এখনও খুঁড়িয়ে খুঁড়িয়ে চলি—

খোকা। আমি--আমি--আমি দেখতে পাইনি।

ডেঞে। দেখতে পাওনি! বটে! সামিও তোমার কানটা কাম্ডে নেবো চোখ বুঁজে।

খোকা। ওরে বাবারে, এদিকে ডেঞে, ওদিকে পিঁপুড়ে।

ডেঞে। হু', মাঝবানে তোমাকে রেখে আমরা টাগ্-অফ-ওয়ার ধেল্বো। ধর্তো ভাগ্নে।

পি পড়ে। এই যে আমি কলে ধরেছি বড় মাম! —

(एटवा ७ भिं भ्राइत गाम

কান্ ধরে মার টান্ হিঁও

দেহ কর খান্ খান্

श्रिं ७!

যার যাবে যাক প্রাণ

हिं ७

গাক আমাদের-মান

शिंख!

(थाका। अपन वृद्णा अविदय्न अवातन अदन काषाय पानानि ?

স্বপন বড়ো

পিঁপ্ডে। স্থপন বুড়ো? সে ব্যাটা এখন দাড়িতে দোল্না বেঁখে দোল খাচ্ছে।

খোকা। তাহ'লে আমি কি করবো?

পিঁপ্ড়ে। করবে আবার কি ? ধর বড় মামা—ভালো করে ওর ঠ্যাংএর দিকটা কাম্ড়ে ধর তো—

(एर्जा ह्या

গান [উভরে একসঙ্কে] ঠ্যাং ধরে মার টান্ হিঁও—

[এইবার থোকা ভায় করে কেঁদে ফেললে]

. স্থপন বুড়ো। ও খোকা, পালিয়ে এসো, পালিয়ে এসো—চলো তোমায় ব্যাঙ্গমা-ব্যাঙ্গমীর দেশে নিয়ে যাই…

(योका। [क्ॅिशिय़ क्ॅिशिय़] ना—

স্বপন বুড়ো। তবে চল তোমায় তেপাস্তরের মাঠে নিয়ে বাই… খোকা। না—না, তোমার সঙ্গে আমি কোণাও থাবো না।

স্থপন বুড়ো। আমার এই দাড়ি খরে বুলে পড়না, কোন ভয় নেই…

খোকা। কিছুতে আমি তোমার সঙ্গে থাবো না—না—না—

ঠাকুমা। কিরে ৰোকা, খুমের ভেতর বিড়্ বিড়্ কচ্ছিস্ কেন ? ভোর হয়েছে : ছ'টা বাজে অঠনা—

[পাৰীর ডাকের শব্দ]

-- यवनिक|---



খোকা। সত্যি বল্ছি দিদি, আমার কোনো অস্ত্র্থ করেনি—

দিদি। কিন্তু খোকন, জাক্তার যে তোমাকে বাইরে বেরুতে বারণ করে গেল!

খোকা। ডাক্তারবাবু কিচ্ছু
বোঝে না দিদি, কেবল জানে
ঘরের জান্লা দরজা বন্ধ
করতে, আর নিশি-নিশি ওবুধ
খাওয়াতে। আমায় একবারটি
বাইরে ছেড়ে দাও—ও-পাড়ার
হাবুলদের সঙ্গে 'কানামাছি'
খেল্লেই আমি একেবারে

ভালো হয়ে যাবো—[হঠাৎ] ও দিদি, আবার ডাক্তারবারু আস্তেন যে—

[ডাক্তারের প্রবেশ]

ভাক্তার। কি সর্বনাশ! খোকা কের বিছানা থেকে উঠ্তে বাহ্ছিল! নাঃ, ওকে আপনারা না মেরে কেলে ছাড়বেন না দেখছি!

দিদি। বালাই···ষাট !!···কিন্তু ডাক্তারবাবু, খোকা যে বাইরে গিয়ে খেল্ডে চাচ্ছে !

থেলার সাধী

ডাক্তার। খেল্তে চাচ্ছে। কি বিপদ! এই অস্ত্রখ ·· ধেলতে! আঃ! ওই যে লেপটা একটু সরে গেছে· ·ভালে৷ করে চাপা দিয়ে দিন ··· যেন কোনো ফাঁকে ঠাণ্ডা না চুকতে পারে!

গোকা। [ক্ষীণ স্বরে] কিন্তু আলো-হাওয়াতেই যে আমি ভালো থাকি ডাক্তারবাবু।

ডাক্তার। সর্বনাশ! ছেলেটা বলে কি! ওর কথা শুনে আপনি যেন আবার ওকে বিছানা থেকে উঠ্তে দেবেন না! তা হলেই মুস্কিল!

খোকা। আমি যদি ছুট্তে ছুট্তে গিয়ে রণুদের নাগানের পাক। টুল্টুলে জামরুল খেতে পারি তেবে আর আমার কোনো অন্তথ থাক্বে না!

ডাক্তার। কি ভয়ঙ্কর!

খোক। কিম্বা যদি পলচুদের আম-রাগানে কাঁচা-মিঠে আম খেয়ে বুড়ী-বুড়ী খেলি—

ডাক্তার। কি মুকিল!

খোকা। [মিনতির স্থবে] নইলে ডাক্তারবাবু, আমায় একবারটি গিয়ে দক্ষিণ মাঠে ঘুড়ি ওড়াতে দিন—

ভাক্তার। নাঃ! এ যে দেখ্ছি রীতিমত 'ভিলিরিয়াম' স্থ্রু হ'ল!

খোকা। ও দিদি, ভাক্তারবাবু ইংরেজীতে কি বল্ছেন ? দিদি। না ভাই তোমার কোনো ভয় নেই, তুমি তু' দিনেই ভালো হ'য়ে যাবে।

ভাক্তার। ভালো হবে যদি ঠিক ঠিক আমার কথা শোনো— আর বাইরে যেতে না চাও—

খোকা। আচ্ছা, আমি শুধু একবারটি খেলে আসি আর বাইরে যেতে চাইব না—

ডাক্তার। বটে! বটে! রামসিং--রামসিং--

त्रामितः। रुष्कोतः!

তাক্তার। দেখো রামিসিং! কাউকে এ ঘরে চৃকতে দেবে না! আর খবরদার খোকাকেও বাইরে বেরুতে দিও না! এইখানে দরজার সামনে লাঠি নিয়ে বসে থাক্বে।

রামসিং। জি হজেরি!

ডাক্তার। দেখুন, আমি পাশের ঘরেই থাক্লাম। খোকাকে
মুমুতে দিন, আপনিও আর এখানে থাক্বেম না। ঐ রামসিং রইল—
সে খোকাকে পাহারা দেবে—

খোকা। তুমি ষেও না দিদি, তা হলে স্থামি একা একা কি করে থাক্বো?

ডাক্তার। না—না—চুপ্টি করে ঘুমোও, কথা বল্লেই অন্তব বেড়ে ধাবে—আর এই ঘুমের এক দাগ ওয়ুখ একুনি খেয়ে ফেল।

খোকা। নাঃ—, আমি তেতো ওষ্ধ ধাবো না—আমি রণুদের বাগানের টুল্টুলে জামরুল খাবো—

ডাক্তার। শুন্দেন ? শুন্দেন ? রোগীর কথা শুন্দেন ? অবস্থা এখন-তখন, বলুছে আমরুল খাবো ?—রাম্বিং—

রামসিং। হজের হাম ঠিক হায়।

খেলার সাধী

ডাক্তার। আস্থ্রন, আপনিও চলে আস্থ্রন।

[मत्रका (म अत्रोत नक]

খোকা। ছঁ! বয়ে গেছে আমার অন্ধকার বিছানায় শুয়ে থাকতে! ওদিকে আবার রামসিং লাঠি নিয়ে বসে আছে। পেছনকার জান্লাটা খুলে দি। বাঃ! মাঠে ছেলেরা কেমন খেলা করছে! আমি যদি ছাড়া পেতুম, আমিও ওদের সঙ্গে খেল্তে পারতুম!

[হঠাৎ দরজার ওপাশে শব্দ শোনা গেল]

মিনি। মিউ! মিউ! মিউ! আমার ত্রধ থাবার সময় হয়েছে। খোকা এই সময়টায় রোজ আমায় তুধ খেতে দেয়! কিন্তু আজ ত'তাকে দেখতে পাচ্ছি না। মিউ! মিউ! মিউ!

ভূলো। ভোক! ভোক! ভেউ! জানিসনে বুঝি? সেই হাঁড়ি-মুখো ডাক্তারটা যে খোকাকে জোর করে আট্কে রেখে গেছে। তখন যদি আমার গলায় শিক্লি না থাকতো ত' এক লাকে গিয়ে আমি ওর টুঁটি কামড়ে ধরতাম।

মিনি। চল, আমরা হ'জনে এইবার ঘরে চুকে খোকার সাথে খেলা করিগে—মিউ—মিউ—

ভূলো। সে কথা মন্দ না—কিন্তু দোর আগ্লে রয়েছে কে দেখেছিস্ ত' ? ভেউ—ভেউ—

মিনি। মিউ—মিউ। ওরে বাবা! লাঠি হাতে রামিসং!

ভূলো। চল, এক কাজ করা যাক্ ···ছ'জনে পা টিপে টিপে এগিরে যাই, তারপর রামসিংএর পেছন দিয়ে হুড়ুৎ করে চুকে পড়ব।

মিনি। মিউ। তাই ভালো। কিন্তু পুব আন্তে · · · দেখিস্, ব্যাটা যেন টের না পায়।

িপা টিপে টিপে বাওরার Music]

রামিসিং। এই মিনি…এ…ভুলো, ইথার মৎ আও—

| नाठि ठीकात्र भक]

ভাণ্ডা শাকে একদম্ মর যায়েগা…

ভূলো। ইঃ! 'মর যায়েগা' না হাতি! এই মিনি, তুই এই দিক দিয়ে পালিয়ে স্বায় রে—ভোক—ভোক—ভেউ…

মিনি। নিউ—মিউ—উ—উ—উ।

जूता। ভो—ভাক्—िक र'न त्र—िक र'न १

মিনি। মেরেছে এক লাঠির ঘা-মিউ-মিউ-মিউ।

ভূলো। কেঁউ—কেঁউ—কেঁউ—আমাকেও মেরেছে রে,—উভ—
হুঁ—কুঁ—কুঁ।

মিনি। মিউ--মিউ--মিউ।

कुरना। त्वैष्ठ-- (वैष्ठे-- (वैष्ठे)।

খোকা। [ভেতর থেকে] আরে, রামসিং আমার ভুলো আর

মিনিকে লার্চি পেটা করে মেরে ফেল্লে—

[सत्रका-शंकात्र मक]

রামসিং। ইধার মৎ আইয়ে থোঁখাবাবু, ডাগ্দর সাব্কা মানা জায়।

খোকা। না—না—না। স্পামি ভোমাদের কোনো কথা শুনবো না—

খেলার নাৰী

ডাক্তার। কি—কি—এত গোল কিসের ? কেয়া হুয়া রামসিং ? রামসিং। হজোর, খোঁখাবারু বাহার জানে মাংতা—

ডাক্তার। কি বিপদ! [হঠাৎ] কি সর্বনাশ! জান্লাটা আবার কে খুল্লে ? বন্ধ কর—[বন্ধ করার শব্দ] এই যে আর একটা ওযুধ খেয়ে লেপ মুড়ি দিয়ে শুয়ে পড়—আমি দরজা বন্ধ করে দিয়ে গেলাম।

[मत्रका वक रुउन्नात नक]

[বুর থেকে একট। সঙ্গাতধ্বনি ভেসে আসতে বাগ্ব] .

খোকা। কে? কে তুমি? বন্ধ ঘরে কি করে চুক্লে? গানই বা কোখেকে শোনা যাচ্ছে?

দখিন হাওয়া। [খিল্ খিল্ করে হেসে উঠে] আনায় চেনো না খোকা? আমি তোমার খেলার সাখী—দখিন হাওয়া। তোমায় ঘরে বন্ধ করে রেখেছে বলে আমি এতক্ষণ তোমায় বাইরে খুঁজে পাচ্ছিলুম না। এইবার জান্লার হুড়কো খুলে চুকে পড়েছি। এসো, এইবার আমরা মজা করে খেল্বো—

খোকা। তা হ'লে ত' ভারী মজা! একা একা বন্ধ ঘরে খেকে আমি একেবারে হাঁপিয়ে উঠেছি।

দখিন হাওয়া। আমি আবার মধুর পরশ দিয়ে তোমায় ঠাঙা করে রাখবো···কোনো ভয় নেই।

[গাইতে গাইতে একটি মেয়ের প্রবেশ]

খোকা। তুমি স্বাবার কে—ছোট্ট একরন্তি মেয়ে! স্বামার ত' কোন বোম নেই!

সন্ধাতারা।

গাৰ

সন্ধ্যাতারা আমি সাঝ-গগনে!

লুকোচুরি থেলা চলে তোমারি সনে!
আমি আলি ভীক দীপ আকাশ-কোণে
তুমি চেরে রও ছোট—বাতারনে!
তোমাতে-আমাতে থেলা মনে মনে!

খোকা। স্থা! তুমি সন্ধ্যাতারা! সামার সঙ্গে খেল্তে এসেছ! সাজ তা হ'লে কি মজাটাই না হ'বে! এসো তবে সবাই মিলে নাচি—

> [নাচের সঙ্গে খুঙুর বাজ্তে লাগ্লে।] [হঠাং বাইরে]

মিনি। মিউ--মিউ--মিউ--

ভূলো। ভেউ—ভেউ—ভেউ—

খোকা। ঐ যে আমার ভুলো আর মিনি! ওরা বাইরে কাদছে!

সন্ধ্যাতারা। বেশত খোকা, ওদের ভেতরে নিয়ে এসো না— খোকা। কি করে জান্বো, রামসিং লাঠি নিয়ে বসে আছে বৈ!

দখিন হাওয়া। সেজগু তুমি ভেবোনা খোকা, আমি তাকে মিঠে হাওয়ায় খুম পাড়িয়ে রেখেছি—দেখ্বে মজা ? দরজা খুলি— [দরজা খোলার শক্ষ---রামসিংএর নাকের ভাক শোনা গেল]

খেলার সাধী

খোকা। কি মজা! তা হলে এসো—আমার খেলার সাথীরা— এসো দখিন হাওয়া, এসো—সন্ধ্যাতারা, এসো—ভূলো—আয় মিনি —এসো মেবের দল, এসো রজনীগন্ধা, আয় পাখীরা—আমরা আজ নাচে আর গানে সাঁঝের আসর জমিয়ে তুলি—

[नकरन्त्र नां ७ शान]

গান

সন্ধ্যাতারা। সন্ধ্যাতারা জাগল যথন আবাদা কোণে

মেখদল। মেঘের মারা রামধনুকের স্থান বোনে!

দথিন হাওরা। রাতের ফুলের গন্ধ নদ্র—

করবি চুরি—আর না চতুর…

ফুলবল। নাম না জানা ফুল ফুটে তাই সকল বনে!

ভূলো। থোকার সাথে নাচ্বো সবাই গাইব হুরে-

মেঘদল। মেঘের মাদল বাজ্বে মোদের চিত্তপুরে।

পাথী। সাত সাগরের সে কোন্ **দীলা**য়—

মোদের পরাণ পুলক বিলায়-

স্কলে। আন্বোধরার স্বরগ-স্থা স্বার মনে!

দিদি। খোকা, এত গোলমাল কিসের খরের ভেতর ?

খোকা। [উল্লাসে] দিদি, ওরা সবাই এসেছিল আমার সঙ্গে খেল্তে। অদিন হাওয়া, সন্ধ্যাতারা, রক্ষনীগদ্ধা, মেঘের দল—

দিদি। কিন্তু কৈ, কাউকে দেখতে পাচছ নে ত' ?

খোকা। স্বাই ভোমার সাড়া পেয়ে পালিয়ে গেছে। কিছু দোহাই দিদি, ভাক্তারবাবুকে আর ডেকো না—আমি একেবারে ভালো হয়ে গেছি!



ভীম। হাঁ ভীম, তোমরা পঞ্চ পাশুব আর একশ কোরব, এই একশ পাঁচ ভাই মিলে প্রাণ ভরে খেলাধূলা করতে পারবে বলেই তোমাদের এখানে নিয়ে এসেছি—নদীতে সাঁতার কাটবে—গাছে চড়ে লাফাবে—খোলা মাঠে ছুট্বে—তীর-ধ্যু নিয়ে শিকার করবে—এই ত' ক্ষত্রির বালকের কাজ। যাও—সবাই মিলে ছুটোছুটি করগে

হুৰ্য্যোধনেৰ হুষ্টুমি

ভীম। আয় দেখি সব, দেখি—আগে এই গাছে কে বন্দুক ছুড়তে পারে, কৌরব না পাগুব—

ছর্ব্যোখন। ওরে তৃঃশাসন—অর্জ্জুনরা শিকার করতে ঐ দিকে চলে গেছে—স্থায়, স্থামরা সকলে গাছে উঠি।

[হল্লোড়, গাছে ওঠা]

ভীম। বাঃ! তোরা সবাই গাছে চড়তে পারিস্ দেখ্ছি—আচ্ছা, এইবার আমি একটা মজা করি—

তুঃশাসন। 'ওকি—'ওকি—'ওকি···গাছ ধরে নড়াচ্ছিস্ কেন ভীম ?

ভীম। এই ত' মজা! আমি গাছের গু'ড়ি ধরে নাড়বো—আর তোরা সবাই ফলের মতো টুপ্ টুপ্ করে মাটিতে পড়বি!—

হুর্যোধন। দেখেছিদ্ ভাই হুঃশাসন, ভীমটার পেটে-পেটে কি হুন্ট্রুদ্ধি—

ভীম। বটে!

িগাছ নাড়ানোর শক]

ছংশাসন। ওরে—ওরে—থাক্ থাক্, আমরা পড়ে যাবে।— [বুপ্ ধাপ্ শব্দ করে সবাই মাটিতে পড়িতে লাগিল]

গেছি গেছি···আমার কোমরটা ভেঙ্গে গেছে—

. वृर्र्याथन । जिः ! जामान तूर्ण जांधुनि रान मूह्रक-

ভীম। [হাততালি দিয়ে] হা-হা-হা-হা-হা! এই ত' খেলার মজা···নইলে ঘরে বসে আবার খেলা কি—! চল সবাই নদীতে—দেখি, কে কত সাঁত্রাতে পারিস্!

হুর্যোধন। আছে। চল—সাঁতারে আমার আগে আর যেতে হুবে না—

ভীম। বেশ, বাজী রাখো-

হুর্য্যোধন। আচ্ছা, এসো বাজী—যে হারবে—সে ভর পেট মণ্ডা শাওয়াবে।

ভীম। এতে আমি খুব রাজী—মণ্ডার নামে একুণি জিবে জল আস্ছে—

হুর্য্যোধন। আচ্ছা, এসো তবে নদীতে—দেখি, কে আগে সাত্রে —ভণারে যেতে পারে।

[ছেলেদের কোলাহল—"পড় সবাই ঝাঁপিয়ে"—]

নকুল। কি সর্বনাশ! হুর্য্যোধন যে আগে চলে গেল।
সহদেব। না—না—ঐ দেখ, ভীমদা হাত দিয়ে জল কেটে—
ভকে কত পেছনে ফেলে গেল—

সবাই একসঙ্গে। ভীম—ভীম— মাগে নদী পেরিয়েছে।

नकृत। वाजीमा॰, वाजीमा॰! के य खत्रा कित्त जान्हि

সকলে। [হাততালি দিয়ে] সাধু—সাধু ভীম!

তুঃশাসন। ওরে--ওরে--গেছি--গেছি--

নকুল। কি হ'ল আবার তোর ?

ফু:শাসন। ভীমটা ডুব দিয়ে আমার পা টেনে ধরেছে—ছাড়,— জল ধেয়ে মরলাম—

[ঝাপ্টা-ঝাপ্টি ও কলের শক]

इर्य्याध्यान इष्ट्रेमि

ভীম। হুর্য্যোধন-এইবার আমার মণ্ডা?

ত্র্যোধন। আর তঃশাসন-আমরা মণ্ডা নিয়ে আসি।

তুঃশাসন। দাদা, ভীম কিন্তু তোমাকে আজ আচ্ছা জব্দ করেছে
—আমাকেও—

হুর্যোধন। শোন হঃশাসন, ওকে জব্দ করতে হবে---

হঃশাসন। কিন্তু কি করবো আমরা? ভীমটার গায়ে বেন অহ্নরের মতো শক্তি। একশ'টা ভাই মিলেও আমরা ওর কিছু করতে পারিনে। আমাদের এক একটাকে ধরে জলে চুবন ছায়—চুল ধরে— মাথা ঠোকাঠুকি করে—রাগে আমার নিজের গা কাম্ড়াতে ইচ্ছে হয়।

হুৰ্য্যোধন। শোন হুঃশাসন—বান্ধী জিতে ও মণ্ডা খেতে চাইলে না ?

হুঃশাসন। তার জ্ঞে আর ভাব্না কি ? ঠাকুর্দ্দা হাঁড়ি-হাঁড়ি মণ্ডা সঙ্গে করে এনেছে—তুমি চাইলেই পাবে।

হুর্য্যোধন। মণ্ডার জন্মে ভাব্ছিনে। ঐ মণ্ডার সঙ্গে বিষ মিশিয়ে দিতে হবে।

प्रःगामन । विष ?

তুর্ব্যোধন। হাঁা, বিষ ! বেয়েই বাছাধন একেবারে অকা। শোন, আমি মণ্ডার হাঁড়ি নিয়ে ঐ কোপের আড়ালে দাঁড়াচ্ছি—তুই ভীমকে চট্ করে ডেকে নিয়ে আয়—

ত্বঃশাসন। বুঝ্তে পেরেছি-

ত্বঃশাসন। এই যে ভীম—দাদা—দাদা, এই যে ভীম এদেছে— তুমি মণ্ডা বের কর—

ু তুর্য্যোধন। ভীম ভাই এসেছ ? এই যে আমি তোমার জন্মেই মুখা নিয়ে বসে আছি।

ভীম। শীগ্গির দাও—সাঁতার কেটে আমায় বড্ড ক্ষিদে পেয়ে গেছে।

দুর্ব্যোধন। এই নাও ভাই, সবগুলো কিন্তু খেতে হবে।

ভীম। ই্যা—ই্যা, ভীমসেনকে সে কথা বলে দিতে হবে না। কিন্তু আমার মাথাটা ঝিম্ ঝিম্ করছে কেন ? ওরে, আমায় তোরা ধর---ধরে শুইয়ে দে---

হুর্য্যোধন। ব্যাস্, আর দেখতে হবে না—হঃশাসন, শীগ্গির ঝোপ থেকে খানিকটা লতা নিয়ে আয়—

দুঃশাসন। লতা ? লতায় কি হবে দাদা ?

पूर्वगाथन। अठोटक ভात्ना करत (वंदभ, मिरवा नमीटिक क्ला-

হঃশাসন। ঠিক বলেছ দাদা শক্রর শেষ রাখ্তে নেই । এই নাও দাদা লতা—কসে বাঁধো—

তুর্য্যোধন। ঠিক হয়েছে। ধরতো ওকে চ্যাংদোলা করে—ই্যা, এইবার নদীর জলে একেবারে ঝপাং—

[জলে পড়ার শব্দ হল]

চর্য্যোধনের ছাষ্ট্রীয

দ্বিতীয় খণ্ড

[বাস্তকীর পাতালপুকী। সাপেবা সবাই মিলে উংসব কচ্ছে]
সাপেদের গান

रेग्-देग्-रेग्!

প্ৰাল-পুৰীৰ প্ৰজা, মোদেৰ হিম দেহ নিস্পিস্!

হোক না মোদেব রঙ্ কালো—

মণি দিয়েই জাল আলো!

বাণলে পবে কামড়ে দিয়ে ঢালবে। গুৰুই বিষ

इम्-इम्-इम्!

১ম। 'ওরে, চুপ্ চুপ্, গান থামা…

সব গান পেমে গেল]

২য়। কেন. তোর আবার কি হ'ল ?

তয়। দেখ্ছিস্নে?

२য়। কোন দিকে দেখব, দিক ত' দশটা ?

তয়। ওপরে তাকা--- ওপরে তাকা---

ংয়। ওরে, তাই ত'রে—ওপর থেকে কি একটা ভেসে আসছে শিতাল-পুরীতে—

[ভীমেব ভেসে আসার জন্মের শন্দ]

১ম। দেখছিস চারটে ল্যাজ-

তয়। দূর বোকা, ও ল্যান্স নয়। আমি একবার মা বাস্থ্বীর শঙ্গে মর্ত্রো গিয়েছিলাম—সেধানে মানুষ বলে এক রকম জানোয়ার নাকে। তালের তুটো হাত, তুটো পা। এটা সেই রকম একটা কিছু দ্বে।

শিশু নাতিকা

- ২য়। কিন্তু মানুষ নাকি আবার হাতীর মতো হয় ? দেবছিস্ না জানোয়ারটার চেহারা—
- তয়। নিশ্চয়ই আমাদের কোন একটা অমঙ্গল হবে, নইলে এমন দিনে এই অধাত্রাটা কোখেকে ভেনে এলো ?
- ২য়। আয়, সবাই মিলে ওকে বিষ-দাঁতে ছুবলে দি · · দেৰি ওটা কি করে · · ·

जारशरमञ्ज भाग

৩য়—বিষ দাতে বিষ জড় করে কামড়ে দে—

২র-মার চটাপটু ল্যাজের চাপড়

৩য়-ল্যাক কড়িয়ে করনা হাপর

২র-মারতে এলি আমর-আমর কামড়ে দে

७३-मात्र ना ছোবল नवाई मित्न

২য়-থামলে যে ?-কামড়ে দে-কামড়ে দে!!

[বিষের মণ্ডা খেরে ভীম অজ্ঞান হরে পাতাল-পুরীতে ভেনে এলেছিল— এই সব সাপেদের কামড়ে—বিবে বিষে হ'ল অমৃত—তার জ্ঞান ধীরে ধীরে ফিরে এলো]

ভীম। স্থা! এ স্থামি কোধায় এলাম; হাঁ হাঁ, মনে পড়েছে। তুই তুর্য্যোধন স্থামায় বিষের নাড়ু খেতে দিয়েছিল—ভারপর দিয়ে-ছিল জলে ফেলে। একি, স্থামায় কামড়াচ্ছে কে?

मार्भिद मन। विव मार्छ विव अष् करव कांगर्ड पा-

ভীম। দাঁড়া বেটা শয়তানের দল, আগে আমার হাতের বাঁখন খুলে কেলি। হাা, এইবার ভোদের আর বক্ষা নেই!

ছर्य्यापत्नत्र इहे यि

>ম। ইস্···ইস্···ইস্···এক টানে আমার ল্যাব্দটা একেবারে ছিঁড়ে দিয়েছে···উঃ!

২য়। ওরে গেলুম—গেলুম—লাথির চোটে—আমায় একেবারে চ্যাপ্টা করে দিলে যে—

৩য়। কি সর্বনাশ! সাপেদের মাথা কীল-ঘূষিতে সব গু'ড়িয়ে দিচ্ছে যে—পালা—পালা—

[विषय कोनाश्न-कौन-चूषित्र नक-नात्भरमञ्ज व्यार्खनाम]

১ম। वाञ्चकी त्रांगी-वाञ्चकी त्रांगी-वाभारमत्र वाँहाए-

বাস্থকী। কেন রে—তোরা এত হাঁফাচ্ছিস্ কেন ?

২য়। কোথেকে এক ষমের মতো জানোয়ার এসেছে, সাপের রাজ্য ধ্বংস করে দিলে।

১ম। কারো ল্যাজ নিয়েছে কেটে—

৩য়। মাথা দিয়েছে গুঁড়িয়ে—

২য়। মাটীতে মেরেছে আছাড়—

সকলে। তুমি আমাদের বাঁচাও রাণীমা-

বাস্থকী। তোরা বলিস্ কি রে ?—যা, তাকে বেঁধে নিয়ে আয়… আচ্ছা, চল, আমিই বাচিছ [পদক্ষেপের শব্দ] একি…এ যে ভীম— পাণ্ডুর ছেলে।

ভীম। ই্যা, আমি পাণ্ডুর ছেলে—তুমি কে?

বাস্থকী। ওরে পাগ্লা ছেলে···আমি রাণী বাস্থকী···ভূই ষে আমার নাতির নাতি—

ভীম। দাঁড়াও না, আগে তোমার পায়ের ধুলো নি···কিন্তু মা, তোমার সাপেরা···আমাকে কাম্ডেছে···

বাস্থকী। বটে! কিন্তু তুই এখানে এলি কি করে?

ভীম। ছুক্টু ছুর্য্যোধন আমাকে বিষের লাড়ু খাইয়ে জলে ফেলে দিয়েছিল—

নাস্থকী। তাহ'লে ত' সাপের কামড়ে বিষে-বিষে অমৃত হয়েছে। তাই ত' ডুই নেঁচে উঠেছিস্···আয় আমার সঙ্গে··

ভীম। কোণায় না? সাপ দিয়ে বেঁধে রাধবে না ত'?

বাস্থকী। নারে পাগ্লা, না। আজ আমার জন্মদিন, তোকে আমি নিজের হাতে পায়েস রেঁথে খাওয়াব। তোর গায়ে হবে তখন হাজার হাতীর বল—

ভীম। সত্যি মা,—সত্যি ? এবার তাহ'লে হুর্য্যোধন মন্ধা টের পাবে। তবে চল মা···বল্লে বিশ্বাস করবে না···পায়েস খেতে আমি বড্ড ভালবাসি—



িচং চং ক'রে সুলের ছুটির ঘণ্টা পড়তে ছেলের দল তুমূল হলা ক'রে পথে বেরিয়ে আন্তে আন্তে নানা দিকে ছড়িয়ে পড়ল। যোহন আর রতন একসঙ্গে ছারার ঢাকা গাঁরের পথ দিয়ে গল্প করতে করতে রওনা হ'ল।

রতন। ভগবান্ মামুষকে এত বৃদ্ধি দিয়েছেন, কিন্তু ভবিষ্যতের কথা জান্বার স্থবিখে ক'রে দেশনি কেন, বৃক্তে পারিনে ভাই।

মোহন। ভবিশ্বতের কথা আগে থেকে জেনে বিশেষ কি লাভ হ'ত শুনি ?

রতন। এই ধরনা কেন, সাম্নে এগ্জামিন আস্ছে · · · · · যদি আগে থেকেই প্রশ্নের কথাগুলো জান্তে পারতাম, তবে কি মজাই না হ'ত!

মোহন। আমার কিন্তু ভবিশ্বতের কথা জান্তে আদপেই ইচ্ছে হয় না। :

রতন। কেন শুনি? ও! তুই ভালো ছেলে, তাই গুমোর হচ্ছে?

নোহন। মোটেই না। বরঞ্চ আমার মনে হয়, আগে থেকে একটা বিপদের কথা জানা থাক্লে কিংবা তুঃখ-কষ্টের কথা শুন্তে পেলে মামুষ কাজ করতে পারবে না·····সারাদিন কেবল ঐ তুশ্চিন্তা নিয়েই কাটাবে—সে হবে বেঁচে থেকে মরার মতো।

রতন। দূর পাগ্লা! তুই কিচ্ছু বুঝতে পাচ্ছিস্নে—বিপদের কথা জানা থাকলে ত' লোকে সাবধান হ'য়ে যাবে—বিপদ আদৌ ঘট্বে না।

[হঠাৎ এক বৃদ্ধ তাদের সামনে এসে দাঁড়াল]

বৃদ্ধ। খোকা, তুমি ভবিশ্বতের কথা আগে থেকেই জানতে চাও? রতন। কেন চাইবো না? নিশ্চয়ই চাই। কিন্তু আপনি কি জ্যোতিবী?

বৃদ্ধ। ় না বাৰা, আমি জ্যোতিষী নই; তবে একথা তুমি জেনে

রেখো যে, সত্যিকারের ভবিষ্যতের কথা জ্যোতিষীরাও ব**ল্তে** পারে না।

রতন। তবে আপনি কি ক'রে আমায় ভবিশ্যতের কথা জানাবেন ?

বৃদ্ধ। তোমার আগ্রহ দেখে তোমার কাছে এলুন। আমি তোমায় এমন ক্ষমতা দিতে পারি, যাতে তুমি ভবিষ্যতের কথা জানতে পারবে।

রতন। [প্রবল আগ্রহে] দিন না দয়া ক'রে ব্যবস্থাটা ক'রে !— ও আমি একদিনেই সমস্ত ব্যাপার জেনে নিতে পারবো !

বৃদ্ধ। কিন্তু সে জানা তোমার স্থাধের হবে না---

রতন। তার জন্মে আপনি মাথা ঘামাবেন না—সব আমি ঠিক ক'রে নেবো।

বৃদ্ধ। আচ্ছা বেশ, · · · · এখন থেকে তুমি তোমার ভবিশ্যতের কথা জানতে পারবে।

প্রিস্থান]

সিঙ্গে সঙ্গে দুরে একটা হাসি শোনা গেল]

রতন। লোকটা পাগল নাকি ?

মোহন। कि जानि, यामिও उ' किছू व्याउ পাरताम ना।

রতন। যাক্ গে—; ওই যে চমৎকার একটি বটগাছ। চল, ওর তলায় গিয়ে আমরা হু'টিতে বসি।

. योश्य। हन।

[ছুইজনে গাছের গুঁড়ির ওপর ব'লে পড়্ল]

রতন। স্থন্দর হাওয়া দিচ্ছে,—ইচ্ছে হচ্ছে বই-খাতা-পত্রগুলে ফেলে রেখে এইখানে এক ঘুম দিই—

মোহন। ছরি এনেছিস ?

রতন। কেনরে?

মোহন। চমৎকার আম ঝুল্ছে গাছে·····আয়, পেড়ে নিয়ে খাওয়া যাক···

[হ্ৰ'ব্ৰুনে আম কেটে খেতে লাগলো

[গাছের ওপর হু'টি পান্ধী ব'লে আছাপন মনে কথা বল্ছিল আর শিস দিচ্ছিল |

রতন। আরে! মজা দেখেছিস! ওরা কি বল্ছে আমি বেশ বুঝ্তে পাচিছ!

মোহন। কৈ! আমি ত' কিছু বুঝ্তে পাচ্ছিনে!

রতন। চুপ! আগে শুনে নিই ওরা কি বলে!

টিয়া। তুই ঠিক বল্ছিস, ঐ ছেলে হুটো তাদের পরীক্ষার কিচ্ছু জানে না।

চন্দনা। কিছু জানে না ভাই—কিচ্ছু জানে না। আর জানিস্ ভাই, ঐ রতন ছেলেটা পরীক্ষায় ফেল্করবে—কিন্তু মোহনটি করবে পাশ।

রতন। [হঠাৎ রেগে] বটে! আমি করবো ফেল্! উনি ভারী ভালো ছেলে হয়েছেন—একেবারে পাশ! হুঁ!

মোহন। [কিছু ব্ঝতে না পেরে] আরে! কি তুই পাগলের মতো আবোল-তাবোল বক্ছিস্ বল্ত! ফেল্-পাশের কি কথা পাধীরা বল্লে, শুনি ?

রতন। যা াত্র ভালো ছেলে! তোর সঙ্গে আমি কথা বল্তে চাইনে!

মোহন। কি ছেলেমামুষী কচ্ছিদ্ রতন! চল, ঐ পুকুরের খারে গিয়ে বসি। মেলা মাছ আছে ঐ পুকুরে—

[রতন ভালো ক'রে তার কথার জ্বাব দিলে না]

মোহন। চল্—চল্, আমার পকেটে হাত-স্থতো আছে—দিব্যি মাছ ধরা যাবে'খন—

[এক রকম জোর ক'রেই তাকে টেনে নিরে গেল]

রতন। [হাত-স্থতো দেখে খুশী হয়ে] দে দে—আমার হাতে দে—এখানটায় ফেল্লে নিশ্চয়ই মাছ উঠবে।

্রপুকুরের হু'ট মাছ পাড়ের কিনারে ঘুরে বেড়াচ্ছিল; তাদের একজন আর একজনকে বল্লে]

কাত্লা। দেখ্ ভাই রুই, ঐ ছোক্রার গুমকিটা একবার দেখ্! মাছ ধরবে!

কৃই। হি—হি—হি! ঐ পুঁচ্কে ছোঁড়া আমাদের ধরবে! কিন্তু ব্যাপার জানিস ?

कांज्ना। कि त्व, कि ?

রুই। তবে বলি শোন্! ঐ রতন ছোক্রা বড় হয়ে একদিন অপরাধের দায়ে ধরা পড়বে—আর মোহন থাক্বে তখন জেলার জজ।
—তারই কাছে হবে ওর বিচার—

রতন। [হঠাৎ চ'টে উঠে] বটে! উনি আমার বিচার করবেন! হেঁ। ভারী বিছাদিগ্গন্ধ পণ্ডিত এসেছেন আর কি! এইবার— কেমন ?—করবে আর বিচার ?

গালে এক চাপড় বসিয়ে দিলে]

মোহন। আরে গেল যা! ভুই শুধু-শুধু আমায় মারলি কেন রে ? আয় না, দেখি একবার,—

ি হাতের আস্তিন গুটিয়ে নিলে

রতন। বটে! দেখেছিস্ আমার হাতের মাসেল্! আয় না, তোর গায়ে কত জ্বোর দেখি—

[ছুইজনে ঝগড়া করতে করতে পুকুরের জলে প'ড়ে কাদায় মাখামাপি হয়ে গেল]

রতন। আচ্ছা, আজ ছেড়ে দিলাম···আর একদিন দেখে নেবে। কি ক'রে তুই আমার বিচার করিস্···

মোহন। তোকেও আমি সহজে ছাড়বো না—একথা জেনে রাখিস্—

[इ'क्र इ'हिस्क ह'रन शिन]

ওলট-পানট

রতন। [আপন মনে] কাদামাধা কাপড় আমাদের খিড়কীর পুকুরে ধুয়ে নিয়ে যাই, নইলে মা দেখে ধ'রে মার দেবে—

আতে আতে সান-বাধানো ঘাট ধ'রে নেমে সে জলের কিনারার পৌছল, তারপর কাদাণ্ডলো ধুয়ে ফেলতে লাগ্ল। তার কাণ্ড দেগে পুক্রের জল থিল্ থিল্ ক'রে হেসে উঠল, বল্লে]

পুকুরের জল। হাঁ! হাঁ! আমার গায়ে কাদা ধূচ্ছ বটে, কিন্তু আমার এই জলেই একদিন তোমায় ধাকা দিয়ে ফেলে দেবে—

রতন। ধাকা দিয়ে ফেলে দেবে ? আমায় ?—কে, শুনি ?—
পুকুরের জল। কে আবার! তোমার বড় বোন ছন্দা।
রতন। কেন ? আমায় ফেলে দেবে কেন ?

পুকুরের জল। তু'জনে আসবে সান করতে। কি নিয়ে তোমাদের মধ্যে কথা কাটাকাটি হবে, আর অম্নি ছন্দা রাগ ক'রে ধাকা দিয়ে তোমায় গভীর জলে ফেলে দেবে। সেখান থেকে তোমার প্রাণ-বাঁচানো খুব শক্ত হবে।

রতন। বটে ! তা-হ'লে সবাই আমার পেছনে লাগ্বে দেখ্তে পাচ্ছি। আচ্ছা, বাড়ী গিয়ে আমাকে ঠেলে ফেলে দেয়ার মজাটা টের পাওয়াবো'খন।

[বাড়ীর দিকে ক্রত প্রস্থান]

[ভিজে কাপড়ে রভনকে বাড়ীতে চুকতে দেখে চন্দা চেঁচিয়ে উঠ্লো]

ছন্দা। দেখ মা, রত্না কার সঙ্গে ঝগড়া ক'রে কাদা-মাখা ভিজে কাপড়ে বাড়ীতে চুক্লো—

রতন। বটে! আবার নালিশ জানানো হচ্ছে! আচ্ছা, আগে তোমায় একটু শিক্ষা দিয়ে নি—তারপর ভিজে কাপড় ছাড়বো—

[ছন্দার আধুল কাম্ডিয়ে ধরল]

ছন্দা। উঁহঁ · · · হু - হু - হু ' । ওমা ! গেছি ! গৈছি ! উঃ, ম'রে গেলাম !

মা। ওকি রে ছন্দা, অমন ক'রে চাঁচাচ্ছিদ্ কেন?

ছন্দা। মাগো শীগ্গির এসো, আমার আঙুলটা এমন ক'রে কাম্ডে দিয়েছে···গেলুম···গেলুম···

মা। এ যে একেবারে রক্তারক্তি কাণ্ড! একি খুনোখুনি ব্যাপার!—রতন!

রতন। ত[্]! আমাকে পুকুরে ঠেলে ফেলে দেয়ার মজা এইবার টের পাও—

মা। পুকুরে ঠেলে ফেলা! কে তোকে পুকুরে ফেল্লে শুনি? রতন। কেন? ঐ দিদিটা? ঐ ত' আমায় একদিন ফেলে দেবে।

মা। ও! ফেলে দেবে! এখনো দেয়নি ?—তাই তুই এমন ক'রে ওর আঙুলটা কাম্ডে রক্তারক্তি ক'রে দিলি ?

রতন। কিন্তু মা, আমি যে জানি-

মা। বটে! জানি! ভারি উনি দৈবজ্ঞ হয়ে উঠেছেন! আজ তোর একদিন, কি আমার একদিন!

इन्मा। ग्रा, थ्व क'रत अरक मामन क'रत मां मा! नरेरन

দিন-দিন ও এমন গুণ্ডা হয়ে উঠ্ছে যে, একদিন আমায় খুনই ক'রে ফেল্বে—

রতন। এই মামি এক ছুটে বাড়ীর বাইরে চ'লে বাচ্ছি— [পলায়ন]

বিজ্ঞীর সদর ফটক দিরে বেরিরে যাচিছল—হঠাৎ ওপরে কার কথা শুনে থম্কে দাঁড়াল। ফটক কথা বল্ছে ব

ফটক। এখন আমার তলা দিয়ে পালাচ্ছ বটে · · কিন্তু আমিও একদিন স্থবিধে পাবো—

রতন। স্থবিধে পাবে ? তার মানে ?

ফটক। তার মানে হচ্ছে এই যে, তোমার দাদার বিয়ের দিন চক্চকে পোষাক পরে—বরষাত্র সেজে যখন তুমি আমার নীচে দিয়ে রওনা হবে, আমি অম্নি হুড়্ মৃড়্ ক'রে তোমার ডান হাতের ওপর ভেঙে পড়ব।

রতন। [ভয়ে ভয়ে] কি সর্ববনাশ ! ভেঙে পড়বে <u>?</u> তারপর ?—

ফটক। তারপর আর কি? তোমার ডানহাতটা একেবারে ভেঙে যাবে—ওঃ! কি মজা!

রতন। তুমি ত'বেশ! আমার হাত ভাঙ্বে, আর তুমি বলছ কি মজা!

ফটক। বল্ব না ত' কি! সবাই আমার তলা দিয়ে চ'লে যায়, আমি কিছু করতে পারিনে। কেবলি ইচ্ছে হয়—যারা যায়, তাদের

টুটি টিপে ধরি। ঐ একটি দিন মাত্র আমি স্থযোগ পাবো। কেঁ-কেঁ-কেঁ-সেদিনটি হচ্ছে তোমার দাদার বিয়ের দিন। আমি এখন থেকেই তার দিন গুণ্ছি—

রতন। [ভয়ে ভয়ে] ওরে বাবা! এ ত' দিদি নয় যে আঙুল কান্ডে ধরবো! এ যে একেবারে জ্যান্ত যম! এর হাত থেকে তবে কি ক'রে রেহাই পাই? [কি ভেবে] ঠিক হয়েছে! দাত্বকে গিয়ে ধরবো—-

[डूंग्रेटना]

माइ--माइ,--(भारत)--

দাহ। কি রে ভাই—রতন ? বাড়ীতে ডাকাত পড়লো নাকি ? এমন চ্যাচাচ্ছিদ কেন ?

রতন। শোনো দাছ, তুমি দাদার বিয়ের ব্যবস্থা কোরো না, আমি নিত্বর হ'তে চাইনে—

দাদ। সে কি রে? এই ত' সেদিন তুই · · · · · নিত্বরের জগ্য কি কামা-জুতো কিন্তে হবে, তার একটা লম্বা লিপ্তি দিলি! আজ আবার বলছিস্ নিত্বর হ'তে চাইনে—তার মানে?

রতন। মানে আর কি ! নিত্বর হয়ে রওয়ানা হ'লেই আমাদের সদর দরজার ফটকটা আমার বাড়ে ভেঙে পড়বে···আর আমার ডান হাতটা যাবে ভেঙে !

দাহ। স্থূলে আজ বুঝি খুব মার খেয়েছিন, তাই আবোল ভাবোল বক্ছিন্ ?

ওল্ট-পাল্ট

রতন। তোমার যা খুশী বলো, কিন্তু দাদার বিয়েতে নিত্বর সেজে কিছুতেই আমি যাচ্ছি নে—

[রাগ ক'রে চ'লে গেল]

গভীর রাতে রতনের ঘুম ভেঙে গেল। গদের শোবার টিনের ঘরের ওপর প্রকাণ্ড একটা আমগাছ। রতন স্পষ্ট ভনতে পেলে, আমগাছ ভার একটা আমের সঙ্গে কিম্ কিম্ ক'রে কথা বল্ছে।

আম। ও মা! আমি ত' এখন পেকে টুল্-টুলে হয়েছি, এইবার মাটিতে লাফিয়ে পড়ব ?

আমগাছ। না রে, এখন নয়। ভোর হোক্···ভারপর ষেই খোকা···আম কুড়ুতে গাছের তলায় আসবে, অমনি ভুই ভার সাম্নে লাফিয়ে পড়বি।

আম। হাঁ। ! অম্নি আমায় টুক্ করে খেয়ে ফেলুক আর কি ! আমগাছ। খেতে গিয়ে দেখুক না মজা!

याम। कि मङ्गा (मथ्रव ?

সামগাছ। তোর ভেতরে আছে পোকা। যেই খোকা খেতে যাবে—অম্নি পোকাটা স্থড়ুৎ ক'রে গলা দিয়ে এঞ্চেবারে পেটের ভেতর দেঁধিয়ে যাবে। বাছাধনকে ভুগ্তে হবে ছ'টি মাস—

আম। কি মজা! তা-হ'লে এখন আমি কিছুতেই বোটা ছেড়ে নড়ছিনে! হোক আগে ভোর! রোজ রোজ আমার ভাইদের খাওয়ার মজা টের পাইয়ে দেবো।

त्रज्य। [हर्गष् भागत्वत्र मंदल। नाकित्त्र छर्द्धः] ना-ना-ना-

চাই না; আমি ভবিশ্বতের কথা জান্তে চাই না—চাই না। আমায় পাগল ক'রে দেবে সবাই মিলে।

মা। এ কি রতন! ঘুমের খোরে চীৎকার কচ্ছিদ্ কেন? কি ত'ল তোর ?

রতন। না মা! ঘুমের ঘোর নয়! আমি ভবিশ্যতের কথা জানতে চাইলাম। কোথেকে এক বুড়ো এসে বল্লে, 'হ্যা'তোমার যখন ইচ্ছে হয়েছে · · এখন থেকে ভবিশ্যতের কথা জান্তে পারবে।'

মা। তারপর ?

রতন। তারপর সত্যি-সত্যিই সব জান্তে লাগ্লাম—আর আমার অবস্থাটা কি হ'ল জান ?

মা। কিহ'লরে?

রতন। বন্ধুর সঙ্গে হ'ল মারামারি, দিদিটার আঙুল দিলাম কাম্ডে, দাদার বিয়েতে আমার আর নিত্বর হওয়া চল্বে না—চেফা ক'রে আর পরীক্ষার পড়া পড়তে পারবো না, হয়ত ছ'মাস ধ'রে বিছানায় শুয়ে শুয়ে কেবল ভুগুবো—

মা। তুই এসব কি বল্ছিস্ রে ? আমি ত' কিছুই বুঝ্তে পাচ্ছিনে—

রতন। তুমি পারবে না মা---

[বৃদ্ধ-জানালা দিয়ে মুখ বাড়িয়ে]

রুদ্ধ। কিন্তু আমি সব বৃঞ্তে পাচ্ছি—রতন! ভবিষ্যতের কথা আরো ভূমি জান্তে চাও ?

রতন। না—না, চাইনে—চাইনে। ও বুড়ো, তুমি আমায় বাঁচাও…যা' জেনেছি সব আমায় ভুলিয়ে দাও…নইলে আমি ম'রে যাবো…আর আমি ভাবতে পারিনে…

বৃদ্ধ। বেশ। কাল সকালে উঠে কিচ্ছু আর তোমার মনে থাকুবে না…তুমি এইবার ঘুমিয়ে পড়—

থোকা বালিশে মাণা রেখে ঘুমিয়ে পড়্ল। হঃস্থপ্ন দেখেছে মনে ক'রে
মা তা'র মাণার হাত বুলিয়ে দিতে লাগ্লেন।

—্যবনিকা—

– গল্প ও রূপকথা –

মুগপরী (বন্দে আলি মিয়া) '৭৫ পাততাড়ি (ননাগোপাল) .94 (ঐ) '৭৫ মন ছোটে মোর তেপাস্তরে (স্থনির্মল বস্থ) ১'২৫ মেখকুমারী রূপকথা (অথিল নিয়োগী) ১'০০ আকাশ-প্রদীপ (অচিন্ত্যকুমার সেনগুপু) রঙ্গিন কাচ (বুদ্ধদেব বস্থা) '৭৫ পুঞ্জার মেলা (যামিনীকান্ত লোম) 2.56 গোরাটাদ (সত্যচরণ চক্রবন্ত্রী) ১'০০ শোনো মন দিয়ে (মোহনলাল গলোঃ) তৃকতাক (নলিনী দাশগুপ্ত) ৮০ ছুটির গল্প (ললিতকুমার ঘোষ) জন্মলে (প্রভাংক্ত গুপ্ত) ১০০ লবকুশ (স্থবোধচক্র মজুমদার)

ननीरभाभाम हक्तवर्षी अगी७-- भाकी गुर्फा '१८

= স্ত্রীভূমিকা-বৰ্জ্জিত শিশু নাটক =

বুড়িবালামের তীরে (সুধীন্দ্র রাহা) ১'২৫ সিপাহী-বিজ্ঞোহ (বঙ্কিম ঘোষ) ১'২৫ (B) নেতাজী জিন্দাবাদ কাগোরে ধীরে .94 কেদার রার (দীপনারারণ মুখোঃ) '৮০ (বিধায়ক ভট্টাচার্য্য) .96 বন্দীবীর (স্থুনির্মাল বস্থু) '৮০ যুগাবতার রামক্রফা (ঐ) (章) গুরুদক্ষিণা (প্রভাসচন্দ্র ঘোষ) '৮০ বাংলার বিবেক .46 মহারাজ নন্দকুমার (সুধীক্র রাহা) ১'২৫ বিশ বছর আগে (🔄) .96

যোগেশচন্দ্র বন্দ্যোপাখ্যার প্রণীত কুলধবজ '৭ স্বাধীনতা স্বাগলো '৭০ বিজোহী '৮০

উৎসব (গোপীপদ চট্টোপাধ্যায়) বীর মোহনলাল স্থান্ত বাহা) '৮০ (a) (a) **মুক্তিপথে** বীর শিবাজী রবীন্দ্রনাথের ছোটবেলা জ্যান্ত ভগবান

কেশবচন্দ্ৰ সেন প্ৰণীত

कर्नार्श्वन '१६ विकामिश्र '१६ **टिक्स** खशे '9 €

বিষ্কাচন্দ্র দাশগুর প্রণীত প্রভাপসিংহ '৭৫ সিরাজের স্বর্থ ৮

=পুরুষভূমিকা-বজ্জিত =

মেয়েদের নাটক জীবিবায়ক ভট্টাচার্য্য প্রণীত

ঝান্দীর রাণী '৮০ মাটির ঘর '৭৫

অখিল নিয়োগী প্রণীত निसमार्डिका—'१৫ (एडएन(मरप्रदर्श पर्छ)